বইঘর.কম

# ২৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০০৪

পরীক্ষার তারিখ ৩১.১২.২০০৪, সময় ২ ঘণ্টা; পূর্ণমান ২০০; কোড রজনীগন্ধা; সেট নম্বর ১

১. **Ballad কি?**
ⓚ লোকগীতি ⓚ লোকগাথা
ⓖ গীতিকা ⓖ গাথা

(ক) লোকগীতি (খ) লোকগাথা
(গ) গীতিকা (ঘ) গাথা

**ব্যাখ্যা** *Ballad শব্দের বাংলা পরিভাষা 'গীতি-কাহিনীকাব্য' বা 'গীতিকা'। এটা একটা গান, গল্প বা গল্প ও কথা— যার কোনো সাহিত্যিক রূপ নেই বা সাহিত্যের ভাণ্ডারে লিখিত হয়ে বিধৃত হয়নি। এটা অলিখিত অবস্থায় লোকের মুখে মুখে চলে এসেছে এবং যার মধ্যে রয়েছে একটি কাহিনী বা গল্প।*

২. **'শাহনামা' মৌলিক গ্রন্থটি কার?**
(ক) মালিক জয়সী (খ) ফেরদৌসী
(গ) সৈয়দ হামজা (ঘ) কাজী দৌলত উজির বাহরাম খাঁ

**ব্যাখ্যা** *ইরানের বিখ্যাত মহাকাব্য 'শাহনামা' গজনির অধিপতি সুলতান মাহমুদের রাজসভার কবি আবুল কাসিম মনসুর ফেরদৌসী রচনা করেন।*

৩. **ড. মুহম্মদ শহীদুল্লাহর বাংলা সাহিত্যের ইতিহাস গ্রন্থের নাম—**
(ক) বঙ্গভাষা ও সাহিত্য (খ) বাংলা সাহিত্যের কথা
(গ) বাঙ্গালা সাহিত্যের ইতিহাস (ঘ) বাংলা সাহিত্যের ইতিবৃত্ত

**ব্যাখ্যা** *ড. মুহম্মদ শহীদুল্লাহ তার কর্মময় জীবনে বহু গ্রন্থ রচনা করে গেছেন। তার রচিত গবেষণা ও ভাষাতত্ত্ব বিষয়ক গ্রন্থগুলোর মধ্যে রয়েছে- 'বাংলা সাহিত্যের কথা' (১ম খণ্ড ১৯৫৩, ২য় খণ্ড ১৯৬৫), বাংলা ভাষার ইতিবৃত্ত (১৯৬৫), ভাষা ও সাহিত্য (১৯৩১) ইত্যাদি। 'বঙ্গভাষা ও সাহিত্য' গ্রন্থটি লিখেছেন ড. দীনেশচন্দ্র সেন; 'বাঙ্গালা সাহিত্যের ইতিহাস' (প্রবন্ধ/ ৪ খণ্ড) গ্রন্থটি লিখেছেন ড.সুকুমার সেন এবং 'বাংলা সাহিত্যের ইতিবৃত্ত' (প্রবন্ধ) লিখেছেন মুহাম্মদ আব্দুল হাই ও সৈয়দ আলী আহসান যৌথভাবে।*

৪. **'চৌ-হদ্দি' শব্দটি কোন কোন ভাষার শব্দ মিলে হয়েছে?**
(ক) বাংলা + ফারসি (খ) সংস্কৃত + ফারসি
(গ) ফারসি + আরবি (ঘ) সংস্কৃত + আরবি

**ব্যাখ্যা** *'চৌ-হদ্দি' হলো চৌ + হদ্দি। এখানে 'চৌ' অংশটুকু ফারসি এবং 'হদ্দ' অংশটুকু আরবি ভাষার শব্দ। ফারসি 'চৌ' অর্থ চার এবং 'হদ্দ' অর্থ সীমানা। সুতরাং চৌ-হদ্দি শব্দের অর্থ চতুঃসীমা। যেমন– বাড়ি বা জমির চৌহদ্দি।*

৫. **'রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর' কার রচনা?**
(ক) চণ্ডিদাস (খ) জ্ঞানদাস
(গ) বিদ্যাপতি (ঘ) লোচনদাস

**ব্যাখ্যা** *চৈতন্য পরবর্তী বৈষ্ণব পদাবলীর কবি জ্ঞানদাস (ষোড়শ শতাব্দী) রচিত উক্ত পঙক্তিটি কৃষ্ণানুরাগ বিষয়ক বিখ্যাত পদ। তার রচিত পদের স্বাভাবিক সৌন্দর্য, মাধুর্য ও সূক্ষ্মতা একমাত্র চণ্ডীদাসের পদের সাথেই তুলনা হতে পারে। আক্ষেপানুরাগ, রূপানুরাগ ও মাথুরবিষয়ক পদ রচনায় তিনি অসাধারণ কৃতিত্ব প্রদর্শন করেন।*

৬. **'সাজাহান' নাটকের প্রথম রচয়িতা কে?**
(ক) ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ (খ) তুলসী লাহিড়ি
(গ) দ্বিজেন্দ্রলাল রায় (ঘ) বলাইচাঁদ মুখোপাধ্যায়

**ব্যাখ্যা** *'সাজাহান' একটি ঐতিহাসিক নাটক। দ্বিজেন্দ্রলাল রায় (১৮৬৩-১৯১৩) রচিত এ নাটকটি ১৯০৯ সালে প্রথম প্রকাশিত হয়। দ্বিজেন্দ্রলার রায় রচিত অন্যান্য ঐতিহাসিক নাটকের মধ্যে রয়েছে– নূরজাহান (১৯০৮), প্রতাপসিংহ (১৯০৫), সিংহল বিজয় (১৯১৬) ইত্যাদি।*

৭. **'নেমেসিস' নাটকে নূরুল মোমেন কোন বিষয়কে তুলে ধরেছেন?**
(ক) দ্বিতীয় বিশ্বযুদ্ধ (খ) উনপঞ্চাশের মন্বন্তর
(গ) বায়ান্নর ভাষা আন্দোলন (ঘ) একাত্তরের মুক্তিযুদ্ধ

**ব্যাখ্যা** *বিশিষ্ট নাট্যকার নূরুল মোমেন (১৯০৬-১৯৮৯) তার কর্মজীবনে সমাজের নানা সমস্যা তার সাহিত্যকর্মে তুলে ধরেছেন। সামাজিক সংকটের পটভূমিকায় অন্তর্দ্বন্দ্বমূলক নাট্য-চরিত্র অংকন করে তিনি খ্যাতি অর্জন করেন। 'নেমেসিস' (১৯৪৮), 'রূপান্তর' (১৯৪৭), 'আলোছায়া' (১৯৬২) ইত্যাদি তার এরূপ কিছু নাটক। 'নেমেসিস' নাটকে তিনি উনপঞ্চাশের মন্বন্তরকে সুন্দরভাবে ফুটিয়ে তুলেছেন।*

৮. **ভারতচন্দ্র রায়গুণাকর কোন রাজসভার কবি?**
(ক) আরাকান রাজসভা (খ) কৃষ্ণনগর রাজসভা
(গ) রাজা গণেশের রাজসভা (ঘ) লক্ষ্মণ সেনের রাজসভা

**ব্যাখ্যা** *ভারতচন্দ্র রায়গুণাকর আঠারো শতকের বাংলা মঙ্গলকাব্য ধারার অন্যতম কবি। তিনি নবদ্বীপাধিপতি মহারাজ কৃষ্ণচন্দ্রের রাজসভায় 'সভাকবি' নিযুক্ত হন। কৃষ্ণচন্দ্রের আদেশে তিনি 'অন্নদামঙ্গল' (১৭৫২) কাব্যটি রচনা করেন। পরবর্তীতে এ রচনা তাকে মহারাজ কর্তৃক 'রায়গুণাকর' উপাধি লাভ করিয়ে দেয়। তিনিই মধ্যযুগের শেষ কবি।*

৯. **'যা কিছু হারায় গিন্নী বলেন, কেষ্টা বেটাই চোর' – এখানে 'হারায়' কোন ধাতু?**
(ক) প্রযোজ্য ধাতু (খ) ভাববাচ্যের ধাতু
(গ) সংযোগমূলক ধাতু (ঘ) নাম ধাতু

**ব্যাখ্যা** *সঠিক হবে প্রযোজক ধাতু। মৌলিক ধাতুর পরে প্রেরণার্থ (অপরকে নিয়োজিত করা অর্থে) 'আ' প্রত্যয় যোগ করে যে ধাতু গঠিত হয় তাকেই প্রযোজক বা ণিজন্ত ধাতু বা কখনও কখনও কর্মবাচ্যের ধাতু বলা হয়। অন্যদিকে নাম ধাতু হলো বিশেষ্য, বিশেষণ ও অনুকার অব্যয়ের পরে 'আ' প্রত্যয় যোগে গঠিত ধাতু এবং সংযোগমূলক ধাতু হলো বিশেষ্য, বিশেষণ বা ধ্বন্যাত্মক অব্যয়ের সাথে কর্, দে, পা, খা, ছাড় ইত্যাদি মৌলিক ধাতুর সংযোগে গঠিত ধাতু। যেমন–*
*ঘুম (বিশেষ্য) + আ + ক্রিয়া বিভক্তি = ঘুমাচ্ছে (নাম ধাতু)*
*যোগ (বিশেষ্য) + কর (ধাতু) = যোগ কর (সংযোগমূলক ধাতু)*

**উত্তর**

| | |
|---|---|
| ১ | গ |
| ২ | খ |
| ৩ | খ |
| ৪ | গ |
| ৫ | খ |
| ৬ | গ |
| ৭ | খ |
| ৮ | খ |
| ৯ | |

www.boighar.com
VisionApps10

১০. 'মহুয়া' পালাটির রচয়িতা—
ক) দ্বিজ কানাই খ) মনসুর বয়াতী
গ) নয়নচাঁদ ঘোষ ঘ) দ্বিজ ঈশান

ব্যাখ্যা মহুয়া ময়মনসিংহের পূর্বাঞ্চল থেকে সংগৃহীত একটি পালা গান। দ্বিজ কানাই প্রণীত এই পালা চন্দ্রকুমার দে সংগ্রহ করেন এবং পরবর্তীতে তা ময়মনসিংহ গীতিকায় অন্তর্ভুক্ত হয়।

১১. ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগ খোলা হয়—
ক) ১৮০০ সালে খ) ১৮০১ সালে
গ) ১৮০২ সালে ঘ) ১৮০৪ সালে

ব্যাখ্যা ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলায় কর্তৃত্ব প্রতিষ্ঠা করার পর প্রশাসন চালাতে এ দেশী ভাষাজ্ঞান, সাহিত্য, সমাজ, ইতিহাস ইত্যাদি জানার প্রয়োজন অনুভব করে ১৮০০ খ্রিস্টাব্দের ১৮ আগস্ট ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠা করে। কোম্পানির তরুণ কর্মকর্তাদের প্রশিক্ষণ দানই ছিল এর প্রধান কাজ। ১৮০১ খ্রিস্টাব্দে উইলিয়াম কেরির নেতৃত্বে ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগ চালু করা হয়।

১২. কে সর্বপ্রথম বাংলা টাইপ সহযোগে বাংলা ব্যাকরণ মুদ্রণ করেন?
ক) স্যার উইলিয়াম জোনস্ খ) স্যার উইলিয়াম ক্যারী
গ) রাজীব লোচন মুখোপাধ্যায় ঘ) ব্রাসি হ্যালহেড

ব্যাখ্যা ১৭৪৩ খ্রিস্টাব্দে পর্তুগিজ পাদ্রি মানো এল দা আসসুম্পসাঁও পর্তুগিজ ভাষায় একটি বাংলা ব্যাকরণ ও একটি পর্তুগিজ বাংলা শব্দকোষ প্রণয়ন করেন, যা ছিল বাংলা ভাষার প্রথম ব্যাকরণ ও শব্দকোষ। পরবর্তীতে ১৭৭৮ খ্রিস্টাব্দে নাথানিয়েল ব্রাসি হ্যালহেড নামক ইংরেজ পণ্ডিত ইংরেজি ভাষায় 'A Grammar of the Bengal Language' নামে প্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন। এ গ্রন্থ মুদ্রণে সর্বপ্রথম ধাতুতে খোদাই বাংলা হরফ ব্যবহৃত হয়। গ্রন্থটির আংশিক বাংলা হরফে মুদ্রণ করা হয়েছিল।

১৩. 'তত্ত্ববোধিনী' পত্রিকার সম্পাদক ছিলেন—
ক) ঈশ্বরচন্দ্র গুপ্ত খ) অক্ষয়কুমার দত্ত
গ) প্যারিচাঁদ মিত্র ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

ব্যাখ্যা সাহিত্য, বিজ্ঞান, দর্শন, ইতিহাস, রাজনীতি, সামাজিক ও অর্থনৈতিক সমস্যা ইত্যাদি বিষয় নিয়ে ১৮৪৩ সালে 'তত্ত্ববোধিনী' পত্রিকাটি যাত্রা শুরু করে। তখন পত্রিকার সম্পাদনা করতেন অক্ষয়কুমার দত্ত। অন্যদিকে ঈশ্বরচন্দ্র গুপ্তের সম্পাদনায় 'সংবাদ প্রভাকর' (১৮৩১) ও 'সংবাদ রত্নাবলী (১৮৩২) এবং বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সম্পাদনায় 'বঙ্গদর্শন' (১৮৭২) পত্রিকা প্রকাশিত হয়।

১৪. কোনটি দীনবন্ধু মিত্রের রচনা?
ক) কমলে কামিনী খ) চক্ষুদান
গ) বিধবা বিবাহ ঘ) ভদ্রার্জুন

ব্যাখ্যা দীনবন্ধু মিত্র (১৮৩০-১৮৭৩ খ্রি) বাংলা সাহিত্যের একজন প্রখ্যাত নাট্যকার। তার উল্লেখযোগ্য নাটকগুলোর মধ্যে রয়েছে— 'নীলদর্পণ' (১৮৬০), 'সধবার একাদশী' (১৮৬৬), 'কমলে কামিনী' (১৮৭৩), 'নবীন তপস্বিনী' (১৮৬৩) ইত্যাদি। 'ভদ্রার্জুন' হলো তারাচরণ শিকদার রচিত নাটক, যা বাঙালি লিখিত প্রথম মৌলিক নাটক হিসেবে স্বীকৃত।

১৫. কোন গ্রন্থটি মহাকাব্য?
ক) অবকাশ রঞ্জিনী খ) বৃত্রসংহার
গ) বিরহ বিলাপ ঘ) বীরাঙ্গনা কাব্য

ব্যাখ্যা মহাকাব্য হলো কোনো জাতির উত্থান-পতনের কাহিনী ওজস্বী ছন্দে বর্ণিত সাহিত্যকর্ম। কিছু বিখ্যাত মহাকাব্য হলো রামায়ণ (বাল্মীকি), মহাভারত (কৃষ্ণ দ্বৈপায়ন ব্যাসদেব), মেঘনাদবধ কাব্য (মাইকেল মধুসূদন দত্ত, ১৮৬১), বৃত্রসংহার-১ম ও ২য় খণ্ড (হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ১৮৭৫ ও ১৮৭৭), মহাশ্মশান (কায়কোবাদ, ১৯০৪), স্পেন বিজয় (সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী, ১৯১৪), ইলিয়াড (হোমার), প্যারাডাইস লস্ট (মিল্টন) ইত্যাদি। 'বৃত্র' নামক অসুর কর্তৃক স্বর্গবিজয় ও দেবরাজ ইন্দ্র কর্তৃক স্বর্গের অধিকার পুনঃস্থাপন ও বৃত্রাসুরের নিধনই 'বৃত্রসংহার' মহাকাব্যের উপজীব্য।

১৬. 'বত্রিশ সিংহাসন' কার রচনা?
ক) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার খ) রামরাম বসু
গ) বিদ্যাসাগর ঘ) রাজীব লোচন মুখোপাধ্যায়

ব্যাখ্যা ভাষাবিদ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার (১৭৬২-১৮১৯) ছিলেন উইলিয়াম কেরির অধীন পণ্ডিত। তিনি অধ্যাপনার পাশাপাশি ফোর্ট উইলিয়াম কলেজের লেখকগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ লেখক হিসেবে প্রতিষ্ঠিত ছিলেন। তিনি উইলিয়াম কেরির উৎসাহে বত্রিশ সিংহাসন (১৮০২), রাজাবলি (১৮০৮), হিতোপদেশ (১৮০৮), বেদান্তচন্দ্রিকা (১৮১৭) ও প্রবোধচন্দ্রিকা (১৮৩৩) গ্রন্থগুলো রচনা করেন। রামরাম বসু (১৭৫৭-১৮১৩) ছিলেন উইলিয়াম কেরির সহযোগী পাঠ্যপুস্তক রচনাকারীদের অন্যতম অগ্রণী। তিনি দুটি গদ্যগ্রন্থ রচনা করেন— রাজা প্রতাপাদিত্য চরিত্র (১৮০১) ও লিপিমালা (১৮০২)। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (১৮২০-১৮৯১) বাংলা গদ্যের অবয়ব নির্মাণ, শিক্ষা বিস্তার ও সমাজ সংস্কারে বিশেষ ভূমিকা পালন করেছিলেন। তার কিছু সাহিত্যকর্ম হলো বেতাল পঞ্চবিংশতি (১৮৪৭), শকুন্তলা (১৮৫৪), সীতার বনবাস (১৮৬০), আখ্যানমঞ্জরী (১৮৬৩), ভ্রান্তিবিলাস (১৮৬৯) ইত্যাদি।

১৭. 'ঠকচাচা' চরিত্রটি কোন উপন্যাসে?
ক) হুতোম প্যাঁচার নক্সা খ) আলালের ঘরের দুলাল
গ) সধবার একাদশী ঘ) বুড়ো শালিকের ঘাড়ে রোঁ

ব্যাখ্যা 'ঠকচাচা' চরিত্রটি প্যারীচাঁদ মিত্র রচিত বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস 'আলালের ঘরের দুলাল'-এর একটি প্রধান চরিত্র। এ উপন্যাসের অন্য প্রধান চরিত্র হলো বাঞ্ছারাম ও বাবু রাম বাবু।

১৮. 'উদাসীন পথিকের মনের কথা' কোন জাতীয় রচনা?
ক) নাটক খ) কাব্য
গ) আত্মজৈবনিক উপন্যাস ঘ) গীতি কবিতার সংকলন

ব্যাখ্যা 'উদাসীন পথিকের মনের কথা' মুসলমান নাট্যকার মীর মশাররফ হোসেন রচিত একটি আত্মজৈবনিক উপন্যাস।

উত্তর

| | |
|---|---|
| ১০ | ক |
| ১১ | খ |
| ১২ | ঘ |
| ১৩ | খ |
| ১৪ | ক |
| ১৫ | খ |
| ১৬ | ক |
| ১৭ | খ |
| ১৮ | গ |

১৯. 'তাজকেরাতুল আওলিয়া' অবলম্বনে 'তাপসমালা' কে রচনা করেন?
ⓚ মুন্সী আব্দুল লতিফ ⓛ কাজী আকরাম হোসেন
ⓖ গিরিশচন্দ্র সেন ⓘ শেখ আব্দুল জব্বার

ব্যাখ্যা শেখ ফরীদুদ্দীন সাত্তারের ফারসি ভাষায় রচিত 'তাজকেরাতুল আওলিয়া' অবলম্বনে ভাই গিরিশচন্দ্র সেন 'তাপসমালা' গ্রন্থটি রচনা করেন। উল্লেখ্য, গিরিশচন্দ্র সেন প্রথম বাংলায় পূর্ণাঙ্গ কুরআন শরীফ অনুবাদ করেন।

২০. কোন নাটকটি সেলিম আল দীনের?
ⓚ মুনতাসীর ফ্যান্টাসী ⓛ পায়ের আওয়াজ পাওয়া যায়
ⓖ কবর ⓘ বহুব্রীহি

ব্যাখ্যা 'মুনতাসীর ফ্যান্টাসী' বিশিষ্ট নাট্যকার সেলিম আলদীনের একটি প্রতীকাশ্রয়ী কৌতুক নাটক। নাট্যকার তার নাট্যচর্চার শুরুর দিকে লেখা এ নাটকটির নাম 'মুনতাসীর ফ্যান্টাসী' রাখলেও পরে ফ্যান্টাসী বাদ দিয়ে শুধুই 'মুনতাসীর' নামকরণ করেন। 'পায়ের আওয়াজ পাওয়া যায়' সৈয়দ শামসুল হকের, 'কবর' (১৯৬৬) মুনীর চৌধুরীর এবং 'বহুব্রীহি' হুমায়ূন আহমেদের উল্লেখযোগ্য সাহিত্যকর্ম।

২১. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কোন সালে স্বীকৃত হয়?
ⓚ ১৯৯৮ ⓛ ১৯৯৯ ⓖ ২০০০ ⓘ ২০০১

ব্যাখ্যা বাঙালি জাতির ১৯৫২ সালের আত্মত্যাগের দীর্ঘ ৪৭ বছর পর ১৯৯৯ সালের ১৭ নভেম্বর UNESCO ২১ ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি প্রদান করে। ২০০০ সালের ২১ ফেব্রুয়ারি UNESCO-র ১৮৮টি সদস্য রাষ্ট্রে এটি প্রথমবারের মতো পালিত হয়।

২২. বাংলা একাডেমি কোন সালে প্রতিষ্ঠিত হয়?
ⓚ ১৯৫৪ সালে ⓛ ১৯৫৫ সালে
ⓖ ১৯৫৬ সালে ⓘ ১৯৫৭ সালে

ব্যাখ্যা ভাষা আন্দোলনের পরিপ্রেক্ষিতে ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয়। বাংলা একাডেমি ভবনের পূর্বনাম বর্ধমান হাউস। বাংলা একাডেমির প্রথম পরিচালক ড. মুহম্মদ এনামুল হক এবং প্রথম মহাপরিচালক ড. মযহারুল ইসলাম।

২৩. 'দারিদ্র্য' কবিতাটি নজরুল ইসলামের কোন কাব্যের অন্তর্ভুক্ত?
ⓚ সাম্যবাদী ⓛ বিষের বাঁশী
ⓖ সিন্ধু হিন্দোল ⓘ নতুন চাঁদ

ব্যাখ্যা বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬) 'সিন্ধু-হিন্দোল' কাব্যগ্রন্থের অর্ন্তভুক্ত 'দারিদ্র্য' কবিতাটি। কাব্যগ্রন্থটি ১৯২৭ সালে প্রকাশিত হয়।

২৪. কোন শব্দটি ফারসি?
ⓚ মুসাফির ⓛ তকদির
ⓖ পেরেশান ⓘ মজলুম

ব্যাখ্যা 'পেরেশান' শব্দটি ফারসি শব্দ, যার অর্থ উদ্বিগ্ন বা চিন্তিত। 'তকদির' শব্দটি আরবি শব্দ, যার অর্থ অদৃষ্ট, নসিব বা ভাগ্য। 'মুসাফির' শব্দটি আরবি শব্দ, যার অর্থ বিদেশে ভ্রমণকারী ব্যক্তি। 'মজলুম' শব্দটিও আরবি শব্দ, যার অর্থ অত্যাচারিত।

২৫. উপসর্গ কোনটি?
ⓚ অতি ⓛ থেকে
ⓖ চেয়ে ⓘ দ্বারা

ব্যাখ্যা 'অতি' একটি সংস্কৃত বা তৎসম উপসর্গ। এটা অধিক, অতিক্রান্ত, অনুচিত ইত্যাদি অর্থে বাক্যে যুক্ত করা হয়। অন্যদিকে থেকে, চেয়ে ও দ্বারা তিনটি অব্যয় পদ।

২৬. দাপ্তরিক কোন শব্দটি ইংরেজি ভাষা থেকে আগত?
ⓚ আইন ⓛ দাখিল
ⓖ এজেন্ট ⓘ মুচলেকা

ব্যাখ্যা 'এজেন্ট' (agent) ইংরেজি ভাষা থেকে আগত একটি শব্দ। এটার অর্থ শাসক, ব্যবসায়ী বা অন্য কারো প্রতিনিধি বা উকিল। 'দাখিল' শব্দটি এসেছে আরবি ভাষা থেকে যার অর্থ পেশ বা উপস্থাপন করা। 'আইন' শব্দটি এসেছে ফারসি ভাষা থেকে, যার অর্থ সরকারি বিধি, বিধান বা কানুন। 'মুচলেকা' শব্দটি এসেছে তুর্কি ভাষা থেকে, যার অর্থ শর্তভঙ্গ করলে দণ্ডভোগ করতে হবে— এই মর্মে লিখিত অঙ্গীকারপত্র।

২৭. 'নেমেসিস' কোন জাতীয় রচনা?
ⓚ কাব্য ⓛ নাটক
ⓖ উপন্যাস ⓘ গীতি কবিতা

ব্যাখ্যা বিশিষ্ট নাট্যকার নূরুল মোমেন (১৯০৬-১৯৮৯) রচিত 'নেমেসিস' একটি নিরীক্ষাধর্মী নাটক। নূরুল মোমেন সামাজিক সংকটের পটভূমিকায় অন্তর্দ্বন্দ্বমূলক নাট্য-চরিত্র অংকন করেই অধিক খ্যাতি অর্জন করেন। নেমেসিস (১৯৪৮) নাটকটিও এ আলোকেই রচিত। তার এরূপ আরো কিছু নাটক হলো— রূপান্তর (১৯৪৭), আলোছায়া (১৯৬২), আইনের অন্তরালে (১৯৬৭) ইত্যাদি।

২৮. 'তোমার সৃষ্টির পথ রেখেছ আকীর্ণ করি'— রবীন্দ্রনাথের কোন কাব্যের কবিতা?
ⓚ পূরবী ⓛ শেষলেখা
ⓖ আকাশ প্রদীপ ⓘ সেঁজুতি

ব্যাখ্যা কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের 'তোমার সৃষ্টির পথ' কবিতার অন্তর্গত আলোচ্য অংশটুকু তার 'শেষলেখা' কাব্য থেকে উদ্ধৃত হয়েছে। কবি কোলকাতা থাকাকালীন জোড়াসাঁকোতে ১৯৪১ সালের ৩০ জুলাই (১৪ শ্রাবণ ১৩৪৮) কবিতাটি রচনা করেন।

২৯. 'জয়গুন' কোন উপন্যাসের চরিত্র?
ⓚ জননী ⓛ সূর্য-দীঘল বাড়ী
ⓖ সারেং বৌ ⓘ হাজার বছর ধরে

ব্যাখ্যা আবু ইসহাক (১৯২৬-২০০২ খ্রি) রচিত 'সূর্য-দীঘল বাড়ী' উপন্যাসের প্রধান চরিত্র হলো 'জয়গুন'। ১৯৬২ সালে রচিত এ উপন্যাসে তিনি গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থা জয়গুনের সংগ্রামী জীবনের মধ্য দিয়ে ফুটিয়ে তুলতে সচেষ্ট হয়েছেন।

৩০. 'নবান্ন' শব্দটি কোন প্রক্রিয়ায় গঠিত?
ⓚ সমাস ⓛ সন্ধি
ⓖ প্রত্যয় ⓘ উপসর্গ

উত্তর

| | |
|---|---|
| ১৯ | গ |
| ২০ | ক |
| ২১ | খ |
| ২২ | খ |
| ২৩ | ক |
| ২৪ | গ |
| ২৫ | ক |
| ২৬ | গ |
| ২৭ | খ |
| ২৮ | খ |
| ২৯ | খ |
| ৩০ | ক |

ব্যাখ্যা নবান্ন (= নতুন ধানের অন্ন) শব্দটিতে সমস্যমান পদের অর্থকে না বুঝিয়ে একটি উৎসবকে বোঝানো হয়েছে। সুতরাং এটি একটি বহুব্রীহি সমাস। আবার পূর্বপদে বিশেষণ ও পরপদে বিশেষ্য থাকায় এটি সমানাধিকরণ বহুব্রীহি।

**৩১. কোনটির অর্থ পক্ক অর্থে প্রকাশ পায়?**

ক) পাকা বাড়ি খ) পাকা রং
গ) পাকা কাজ ঘ) পাকা আম

ব্যাখ্যা 'পাকা' শব্দটি সাধারণত পক্ক, শুভ্র বা শুক্ল, স্থায়ী, নিপুণ, সম্পূর্ণ, খাঁটি ইত্যাদি হওয়া অর্থে ব্যবহৃত হয়। এখানে পক্ক অর্থ বোঝানো হচ্ছে 'পাকা আম' দ্বারা। অন্যদিকে পাকা বাড়ি বলতে ইটের তৈরি বাড়ি; পাকা রং বলতে স্থায়ী রং এবং পাকা কাজ বলতে নিপুণতার সাথে কৃতকাজকে বোঝানো হয়।

**৩২. 'পাখি সব করে রব রাতি পোহাইল'– পঙক্তির রচয়িতা কে?**

ক) মদনমোহন তর্কালংকার খ) রামনারায়ণ তর্করত্ন
গ) বিহারীলাল চক্রবর্তী ঘ) কৃষ্ণচন্দ্র মজুমদার

ব্যাখ্যা মদনমোহন তর্কালঙ্কার কর্তৃক রচিত 'শিশু শিক্ষা'-এর একটি বিখ্যাত পংক্তি। শিশুদের শিক্ষার প্রাথমিক বই হিসেবে বইটি পাঠ্যপুস্তকরূপে অত্যন্ত জনপ্রিয়।

**৩৩. 'বনফুল' কার ছদ্মনাম?**

ক) প্রমথ চৌধুরী খ) বলাইচাঁদ মুখোপাধ্যায়
গ) যতীন্দ্রমোহন বাগচী ঘ) মোহিতলাল মজুমদার

ব্যাখ্যা ছদ্মনামটি বাংলা সাহিত্যের প্রখ্যাত কথাসাহিত্যিক বলাইচাঁদ মুখোপাধ্যায়ের (১৮৯৯-১৯৭৯ খ্রি)। এছাড়াও 'পদ্মভূষণ' উপাধিতেও তিনি পরিচিত। প্রখ্যাত সাহিত্যিক প্রথম চৌধুরীর (১৮৬৮-১৯৪৬ খ্রি) ছদ্মনাম 'বীরবল'। বিশিষ্ট কবি, প্রাবন্ধিক ও সাহিত্যিক মোহিতলাল মজুমদারের (১৮৮৮-১৯৫২ খ্রি) ছদ্মনাম 'সত্যসুন্দর দাস'। বিশিষ্ট কবি যতীন্দ্রমোহন বাগচীর (১৮৭৮-১৯৪৮ খ্রি) বিশেষ কোনো ছদ্মনাম নেই।

**৩৪. কাজী নজরুল ইসলামের উপন্যাস কোনটি?**

ক) মৃত্যুক্ষুধা খ) আলেয়া
গ) ঝিলিমিলি ঘ) মধুমালা

ব্যাখ্যা বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬ খ্রি) দ্বিতীয় উপন্যাস 'মৃত্যুক্ষুধা' ১৯৩০ সালে তিনি রচনা করেন। ব্রিটিশ বিরোধী অসহযোগ আন্দোলনের পটভূমিতে উপন্যাসটি রচিত। অন্যদিকে ঝিলিমিলি (১৯৩০), আলেয়া (১৯৩২) এবং মধুমালা (১৯৫৮) তার রচিত তিনটি নাটক।

**৩৫. 'যে-ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম।' – এটি কোন জাতীয় বাক্য?**

ক) সরল বাক্য খ) যৌগিক বাক্য
গ) মৌলিক বাক্য ঘ) মিশ্র বাক্য

ব্যাখ্যা যে বাক্যে একটি মাত্র উদ্দেশ্য (কর্তা) ও একটি মাত্র বিধেয় (সমাপিকা ক্রিয়া) থাকে, তাকে সরল বাক্য বলে। যেমন– রনি বল খেলে। যে পূর্ণ বাক্যে একটি প্রধান খণ্ডবাক্য ও এক বা একাধিক অপ্রধান খণ্ডবাক্য পরস্পর সম্পর্কযুক্ত থাকে তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। যেমন— যারা মনোযোগ দিয়ে লেখাপড়া করে, তারা পরীক্ষায় কৃতকার্য হয়। দুই, বা ততোধিক বাক্য যখন ও, এবং, আর, কিন্তু, তথাপি ইত্যাদি অব্যয়ের সাহায্যে যুক্ত থাকে তখন তাকে যৌগিক বাক্য বলে। যেমন— তুমি ও আমি বাজারে যাব। সুতরাং আলোচ্য বাক্যটি মিশ্র বাক্য।

**৩৬. 'লাঠালাঠি' – এটি কোন সমাস?**

ক) প্রাদি সমাস খ) ব্যতিহার বহুব্রীহি সমাস
গ) তৎপুরুষ সমাস ঘ) কর্মধারয় সমাস

ব্যাখ্যা প্রাদি সমাস হলো প্র, প্রতি, অনু প্রভৃতি অব্যয়ের সাথে কৃৎ প্রত্যয় সাধিত বিশেষ্যের সমাস। যেমন— পরি (চতুর্দিকে) যে ভ্রমণ = পরিভ্রমণ। ব্যতিহার বহুব্রীহি সমাস হলো যে সমাসে একই রূপ দুটি বিশেষ্যপদ এক সাথে বসে পরস্পর একই জাতীয় কাজ করে যেমন— কানে কানে যে কথা = কানাকানি। তৎপুরুষ সমাস হলো যে সমাসে পূর্বপদের বিভক্তি লোপ পায় এবং পরপদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়। যেমন— ঢেঁকিতে ছাঁটা = ঢেঁকিছাঁটা। কর্মধারয় সমাস হলো বিশেষণ ও বিশেষ্যপদ মিলে যে সমাস এবং বিশেষ্যের বা পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়। যেমন— নীল যে পদ্ম = নীলপদ্ম। এখানে লাঠালাঠি = লাঠিতে লাঠিতে যে যুদ্ধ, অর্থাৎ এটি ব্যতিহার বহুব্রীহি সমাস।

**৩৭. 'ভানুসিংহ ঠাকুরের পদাবলী'– এর রচয়িতা কে?**

ক) ভানু বন্দ্যোপাধ্যায় খ) চণ্ডীদাস
গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) ভারতচন্দ্র চট্টোপাধ্যায়

ব্যাখ্যা বাংলা সাহিত্যের সর্বশ্রেষ্ঠ প্রতিভা, কবি, নাট্যকার, ঔপন্যাসিক, ছোট গল্পকার, প্রাবন্ধিক ও সুরস্রষ্টা রবীন্দ্রনাথ ঠাকুর রচিত (১৮৬১-১৯৪১ খ্রি) 'ভানুসিংহ ঠাকুরের পদাবলী' কাব্যগ্রন্থটি ১৮৮৪ সালে প্রকাশিত হয়।

**৩৮. প্র, পরা, অপ—**

ক) বাংলা উপসর্গ খ) সংস্কৃত উপসর্গ
গ) বিদেশী উপসর্গ ঘ) উপসর্গ স্থানীয় অব্যয়

ব্যাখ্যা বাংলা ভাষায় ব্যবহৃত নিজস্ব উপসর্গকে বলা হয় খাঁটি বাংলা উপসর্গ। বাংলা ভাষায় খাঁটি বাংলা উপসর্গের সংখ্যা ২১টি। উপসর্গগুলো হলো : অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন (ঊনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

যেসব উপসর্গ সংস্কৃত ভাষা থেকে বাংলা ভাষায় ব্যবহৃত হচ্ছে সেসব উপসর্গকে বলা হয় তৎসম বা সংস্কৃত উপসর্গ। সংস্কৃত উপসর্গ প্রধানত ২০টি। যথা : প্র, পরা, অপ, সম্, নি, অনু, অব, নির, দুর, বি, অধি, সু, উৎ, পরি,

উত্তর

| | |
|---|---|
| ৩১ | ঘ |
| ৩২ | ক |
| ৩৩ | খ |
| ৩৪ | ক |
| ৩৫ | ঘ |
| ৩৬ | খ |
| ৩৭ | গ |
| ৩৮ | খ |

প্রতি, অভি, অতি, অপি, উপ, আ।
আরবি, ফারসি, ইংরেজি, হিন্দি—এসব ভাষার বহু শব্দ বহুকাল ধরে বাংলা ভাষায় ব্যবহৃত হচ্ছে। এসব উপসর্গকে বিদেশি উপসর্গ নামে অভিহিত করা হয়। বিদেশি উপসর্গের মধ্যে কতকগুলো ফারসি ও ইংরেজি উপসর্গ বাংলায় বহুল প্রচলিত।

**৩৯. টা, টি, খানা ইত্যাদি—**

ⓚ পদাশ্রিত নির্দেশক ⓚ প্রকৃতি
ⓖ বিভক্তি ⓖ উপসর্গ

(ব্যাখ্যা) পদাশ্রিত নির্দেশক হলো এক ধরনের অব্যয় বা প্রত্যয় বিশেষ, যা পদের সংখ্যা বা পরিমাণ প্রকাশ করে। যেমন— টি, টা, টু, টুকু, টুক, খান, খানা, খানি, গুলি, গুলো ইত্যাদি। পদাশ্রিত নির্দেশক বিশেষ্য ও সর্বনাম পদকে নির্দেশ করে।

**৪০. কাজী নজরুল ইসলাম কোন কবিতা রচনার জন্য কারাবরণ করেন?**

ⓚ বিদ্রোহী ⓚ প্রলয়োল্লাস
ⓖ আনন্দময়ীর আগমনে ⓖ নারী

(ব্যাখ্যা) কবি কাজী নজরুল ইসলাম (১৮৯৯-১৯৭৬ খ্রি) তার 'আনন্দময়ীর আগমনে' কবিতাটি রচনার জন্য কারারুদ্ধ হন এবং এক বছরের জন্য সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হন। 'প্রলয়শিখা' গ্রন্থের জন্য তিনি ৬ মাস কারাদণ্ডে দণ্ডিত হন। 'বিদ্রোহী' কবিতা রচনার জন্য তিনি বিদ্রোহী কবি হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেন।

**৪১. Choose the correct sentence.**

ⓚ Everybody have gone there.
ⓚ Everybody are gone there.
ⓖ Everybody has gone there.
ⓖ Everybody has went there.

(ব্যাখ্যা) 'Everybody' subject টি singular হওয়ায় এর verb form টি অবশ্যই singular হবে. এখানে গড়ে 'has' singular এবং 'gone' past participle হিসেবে ব্যবহৃত হয়েছে। সুতরাং এটি সঠিক।

**৪২. Choose the correct sentence.**

ⓚ The train is running in time.
ⓚ The train is running on time.
ⓖ The train is running with time.
ⓖ The train is running to time.

(ব্যাখ্যা) সাধারণত time এর পূর্বে in এবং on দুটি preposition-ই ব্যবহার হয়। কিন্তু এদের মধ্যে একটি সূক্ষ্ম পার্থক্য রয়েছে। যেমন–in time হলো সময় মতো বা সময়ের একটু পূর্বে। আর on time বলতে একেবারে 'যথা সময়ে অর্থাৎ একটু আগে বা পরে নয়' বুঝায়। তাছাড়া time এর পূর্বে preposition 'at' ও with এর ব্যবহার দেখা যায় না। সুতরাং সঠিক উত্তর 'খ'।

**৪৩. Choose the correct preposition.**
**My brother has no interest — music.**

ⓚ for ⓚ in
ⓖ with ⓖ at

(ব্যাখ্যা) interest for — কোনো বিষয় সম্পর্কে অধিক জানার আগ্রহ প্রকাশ করতে এটি ব্যবহৃত হয়। interest in — সঙ্গীতে আগ্রহ বোঝাতে এটি বসে। interest with — এরূপ ব্যবহার দেখা যায় না। interest at— খেলাধুলায় আগ্রহ বুঝাতে এটি বসে। সুতরাং বাক্যের অর্থ অনুসারে 'খ' উত্তরটি সঠিক।

**৪৪. Fill in the blank with right option.**
**I am looking forward — you.**

ⓚ to seeing ⓚ seeing
ⓖ to see ⓖ to have seen

(ব্যাখ্যা) সাধারণত infinitive 'to' এর পর verb এর present form ব্যবহৃত হয়। কিন্তু 'with a view to, 'forward to' প্রভৃতি ক্ষেত্রে ব্যতিক্রম দেখা যায়। এসব ক্ষেত্রে preposition 'to' এর পর 'verb + ing' form ব্যবহৃত হয়। এ নিয়ম অনুসারে 'ক' উত্তরটি সঠিক।

**৪৫. Choose the correct form (passive) of— 'Who will do the work?'**

ⓚ Who will be done the work?
ⓚ Who will done the work?
ⓖ By whom will the work be done?
ⓖ Whom will the work be done?

(ব্যাখ্যা) Interrogative sentence যদি who দিয়ে শুরু হয় তাহলে একে passive voice- এ পরিবর্তনের সময় By whom দিয়ে শুরু করতে হয়। তাছাড়া active voice-এ will থাকলে passive voice এ will be হয়। আর একমাত্র 'গ' sentence টি সকল শর্ত পূরণ করে passive করা হয়েছে। সুতরাং এটিই সঠিক উত্তর।

**৪৬. Choose the correct sentence.**

ⓚ I have looked for a good doctor before I met you.
ⓚ I had looked for a good doctor before I met you.
ⓖ I looked for a good doctor before I had met you.
ⓖ I am looking for a good doctor before meeting you.

(ব্যাখ্যা) সাধারণত Past perfect tense-এ দুটি clause থাকে। এ দুটি clasue 'before বা after' দ্বারা যুক্ত থাকে। clause দুটি before দ্বারা যুক্ত হলে, before এর পূর্বের clause টি past perfect tense হয় এবং পরের clause টি হয় past indefinite tense. সুতরাং এ নিয়ম অনুসারে 'খ' উত্তরটি সঠিক।

**৪৭. Fill in the blank with correct preposition. He is devoid — commonsense.**

ⓚ of ⓚ from
ⓖ introduction ⓖ at

(ব্যাখ্যা) Devoid এমন একটি verb যার পর সব সময় 'of' preposition বসে। সুতরাং সঠিক উত্তর 'ক'।

উত্তর

| | |
|---|---|
| ৩৯ | ক |
| ৪০ | গ |
| ৪১ | গ |
| ৪২ | খ |
| ৪৩ | খ |
| ৪৪ | ক |
| ৪৫ | গ |
| ৪৬ | খ |
| ৪৭ | ক |

৪৮. Select the right word. He ran fast lest he — miss the train.

ⓚ can ⓛ should
ⓖ could ⓘ has

(ব্যাখ্যা) *Lest যুক্ত sentence যে tense-এর হোক না কেন lest-এর পর সব সময় auxiliary verb 'should' বসে। সুতরাং 'খ' উত্তরটি সঠিক।*

৪৯. The Arabian Nights — still a great favourite.

ⓚ has ⓛ are
ⓖ is ⓘ were

(ব্যাখ্যা) *'The Arabian Nights' একটি আরব্য উপন্যাসের নাম। এটি মূলত singular number প্রকাশ করে। তাই এর পর singular verb বসবে। কিন্তু has এবং is দুটি verb ই singular। তবে 'The Arabian Nights' Subject হিসেবে নিজেই এখনো প্রিয়। আর Subject যখন নিজেই কিছু হয় বা কোথাও থাকে, তখন 'to be' verb ব্যবহৃত হয়। এজন্য 'be' verb-এর রূপ হিসেবে 'is' ই সঠিক। সুতরাং সঠিক উত্তর 'গ'।*

৫০. Choose the correct preposition. The police is looking — the case.

ⓚ after ⓛ on
ⓖ up ⓘ into

(ব্যাখ্যা) *Look after— দেখাশুনা করা। Look on— দর্শক হওয়া। Look up— অভিধানে শব্দ খুঁজে বের করা। Look into— তদন্ত করা। সাধারণত পুলিশ কোনো মামলার তদন্ত করে থাকে। তাই সঠিক উত্তর 'ঘ'।*

৫১. Choose the correct spelling.

ⓚ ascertain ⓛ assertain
ⓖ asertain ⓘ asartain

(ব্যাখ্যা) *Ascertain (অ্যাসারটেইন) একটি Verb এবং এটির অর্থ নিশ্চিত করা, নির্ধারণ করা বা নিরূপণ করা কিংবা স্থির করা। প্রদত্ত অন্যান্য Option-গুলো কোনো অর্থই প্রকাশ করে না। অতএব সঠিক উত্তর 'ক'।*

৫২. Select the correct sentence.

ⓚ The man was tall who stole my bag.
ⓛ The man stole my bag who was tall.
ⓖ The man who stole my bag was tall.
ⓘ The man was tall who is stealing tall my bag.

(ব্যাখ্যা) *Relative pronoun 'who' দ্বারা দুটি sentence কে যুক্ত করার সময় প্রথম বাক্যটি অপরিবর্তিত অবস্থায় প্রথম বসে। এরপর দ্বিতীয় বাক্যের subject-এর বদলে who বসে এবং দ্বিতীয় sentence-এর অবশিষ্ট অংশ অপরিবর্তিত অবস্থায় বসে। প্রথম বাক্যের subject এবং দ্বিতীয় বাক্যের subject একই ব্যক্তি বা বস্তু হলে সাধারণত প্রথম বাক্যের subject-এর পরই who বসে। সুতরাং এ নিয়ম অনুসারে 'গ' উত্তরটি সঠিক।*

৫৩. Complete the sentence with the correct verb from : 'Neela — her hand when she was cooking dinner.

ⓚ is burning ⓛ burnt
ⓖ will burn ⓘ was burning

(ব্যাখ্যা) *Sequence of tense (Principal clause-এর verb-এর tense অনুযায়ী subordinate clause-এর verb-এর নিয়ম নির্ধারিত হওয়ার নিয়মই হলো sequence of tense)-এর নিয়মানুসারে (কিছু ব্যতিক্রম ছাড়া) principal clause-এর verb যদি past tense হয় তবে subordinate clasue-এর verb ও past tense হবে। উল্লিখিত sentenceটির subordinate clasuse past tense-এ রয়েছে। সুতরাং principal clause টিও past tense হবে। এ নিয়ম অনুসারে 'খ' উত্তরটি সঠিক।*

৫৪. Choose the correct preposition. The tree has been blown— by the storm.

ⓚ away ⓛ up
ⓖ off ⓘ out

(ব্যাখ্যা) *Blow away অর্থ– এক স্থান থেকে অন্য স্থানে সরিয়ে নিয়ে যাওয়া (বাতাসে)। যেমন– We fixed the tent securely so that it wouldn't be blown away in the strong wind. Blow up অর্থ– বিস্ফোরক ব্যবহার করে ধ্বংস করা; Blow off অর্থ– অবস্থান সরানো (বাতাসে), Blow out অর্থ– আগুন নেভানো। সঠিক উত্তর ⓚ।*

৫৫. Identify the correct passive form of 'He is going to open a shop.'

ⓚ He is being gone to open a shop
ⓛ A shop is being gone opened by him
ⓖ A shop will be opened by him
ⓘ A shop is going to be opened by him

(ব্যাখ্যা) *'going to' যুক্ত active sentence কে passive voice-এ পরিবর্তন করার সময় auxiliary verb-এর tense অপরিবর্তিত থাকে। তাছাড়া 'going to' এরও কোনো পরিবর্তন হয় না এবং এর পর be বসে ও principal verb এর past participle form হয়। এছাড়া vocie পরিবর্তনের অন্যান্য নিয়ম অপরিবর্তিত থাকে। উল্লিখিত নিয়ম অনুসারে সঠিক উত্তর 'ঘ'।*

৫৬. Identify the correct synonym for the word 'Magnanimous.'

ⓚ generous ⓛ unkind
ⓖ revengeful ⓘ friendly

(ব্যাখ্যা) *Magnanimous — মহানুভব। ক. generous — উদার, সহৃদয়। খ. unkind — নির্দয়, নিষ্ঠুর, অকরুণ, কঠোর। গ. revengeful— প্রতিশোধ/হিংসা পরায়ণ। ঘ. Friendly— বন্ধুত্বপূর্ণ, বন্ধুভাবাপন্ন, বন্ধুসুলভ। সুতরাং choice গুলোর অর্থ অনুযায়ী দেখা যাচ্ছে মহানুভব'-এর সমার্থক (synonym) হচ্ছে উদার। অতএব, সঠিক উত্তর 'ক'।*

উত্তর

| | |
|---|---|
| ৪৮ | খ |
| ৪৯ | গ |
| ৫০ | ঘ |
| ৫১ | ক |
| ৫২ | গ |
| ৫৩ | খ |
| ৫৪ | ক |
| ৫৫ | ঘ |
| ৫৬ | ক |

৫৭. **Fill in the blank with the correct phrase :**
**— your shoes before entering the mosque.**
ⓚ put out ⓛ put off
ⓜ put away ⓝ put on

(ব্যাখ্যা) ক. *Put out* — নিভিয়ে রাখা। খ. *Put off* — খুলে ফেলা। গ. *put away* — কোনো জিনিস যথাস্থানে রাখা, সঞ্চয় করা। ঘ. *Put on* — পরিধান করা। উল্লিখিত বাক্যের অর্থ অনুযায়ী একথা স্পষ্ট যে মসজিদে ঢোকার পূর্বে অবশ্যই জুতা খুলতে হয়। তাই সঠিক উত্তর 'খ'।

৫৮. **Fill in the blank with the correct phrase :**
**He — arrested if he had tried to leave the country.**
ⓚ would ⓛ could be
ⓜ would have been ⓝ must be

(ব্যাখ্যা) সাধারণত *Conditional*-এ *if* যুক্ত *clause* টি *past perfect*-এর হলে *principal clause* টি *perfect conditional* হয় অর্থাৎ *subject* এর সাথে *would have/ could have/ might have* বসে এবং *verb*-এর *past participle form* হয়। প্রদত্ত *sentence* টি উল্লিখিত নিয়ম অনুসারে গঠিত হয়েছে। আর একমাত্র 'গ' *choice* টিতে *would have* রয়েছে। সুতরাং সঠিক উত্তর 'গ'।

৫৯. **Choose the right word to fill the blank :**
**Two of the children have to sleep in one bed, but the other three have — ones.**
ⓚ different ⓛ separate
ⓜ complete ⓝ lonely

(ব্যাখ্যা) ক. *different*— ভিন্নতর বা অন্যান্য। খ. *seperate*— পৃথক/ আলাদা। গ. *complete* — সম্পূর্ণ করা। ঘ. *lonely*— নিঃসঙ্গ। প্রদত্ত *sentence* টির ভাবার্থ অনুযায়ী মোট ৫টি শিশুর মধ্যে ২টি শিশু ঘুমানোর সময় এক বিছানায় রাখা হয়েছে এবং অন্য তিনটি শিশু পৃথক বা আলাদা আলাদা রাখা হয়েছে। সুতরাং *choice* 'খ'-ই সঠিক।

৬০. **Choose the right word to fill the blank :**
**The Democratic party's candidate —defeat in the small hours of the morning.**
ⓚ consented ⓛ agreed
ⓜ accepted ⓝ granted

(ব্যাখ্যা) ক. *consented* — সম্মতি, অনুমতি (কোনো বিল বা অধ্যাদেশের ক্ষেত্রে)। খ. *agree* — রাজি বা সম্মত হওয়া (কোনো কিছু করতে)। গ. *accept*— মেনে নেওয়া (পরাজয়ের ক্ষেত্রে), স্বীকার করা। ঘ. *grant*— মঞ্জুর করা (প্রার্থিত বস্তু)। প্রদত্ত *sentence*-এর অর্থ অনুযায়ী ডেমোক্রেটিক পার্টির প্রার্থীর নির্বাচনে পরাজয় মেনে নেওয়াকে বুঝায়। সুতরাং সঠিক উত্তর 'গ'।

৬১. **The proper function of the press is surely to ... the man in the street with facts.**
ⓚ equip ⓛ deliver
ⓜ proffer ⓝ provide

(ব্যাখ্যা) ক. *equip*— সজ্জিত করা/ প্রস্তুত করা (রণক্ষেত্রের সৈন্য বা বিভিন্ন সরঞ্জামের ক্ষেত্রে ব্যবহৃত হয়।) খ. *deliver*— সরবরাহ করা/ পৌঁছে দেওয়া (চিঠিপত্র, পার্সেল পণ্য বিলি করা প্রভৃতি ক্ষেত্রে ব্যবহৃত হয়।) গ. *proffer*— প্রস্তাব, বিনিময়ের প্রস্তাব প্রভৃতি। ঘ. *provide* — যোগান দেওয়া, সরবরাহ করা (সাধারণত সংবাদপত্র ও সংবাদমাধ্যমের ক্ষেত্রে ব্যবহৃত হয়।) প্রদত্ত *sentence*-এর অর্থানুযায়ী বোঝা যায় সংবাদমাধ্যম সাধারণত লোকদেরকে ঘটনাসমূহের সরবরাহ বা যোগান দিয়ে থাকে। সুতরাং সঠিক উত্তর 'ঘ'।

৬২. **Choose the right word to fill the blank :**
**Since his retirement, Mr. Chowdhury, who was a teacher, — has written four novels.**
ⓚ usually ⓛ presently
ⓜ already ⓝ formerly

(ব্যাখ্যা) ক. *usually*— সচরাচর, সাধারণত। খ. *presently* — অচিরে, এক্ষুণি। গ. *already* — এই সময়ের বা ঐ সময়ের মধ্যে। ঘ. *formerly*— আগেকার দিনে, পূর্বকালে। বাক্যের অর্থানুযায়ী (মি. চৌধুরী অবসরে যাওয়ার পূর্বে একজন শিক্ষক ছিলেন, যিনি চারটি উপন্যাস লিখেছেন।) 'ঘ' একমাত্র সঙ্গতিপূর্ণ। সুতরাং সঠিক উত্তর 'ঘ'।

৬৩. **Choose the right word to fill the blank :**
**I should appreciate it if you could complete this work — Thursday.**
ⓚ till ⓛ untill
ⓜ upto ⓝ by

(ব্যাখ্যা) ক. *till* — পর্যন্ত/ অবধি/ যে পর্যন্ত না। খ. *until* — যে পর্যন্ত না। গ. *upto* — পর্যন্ত/ অবধি। ঘ. *by* — নির্ধারিত সময়ের মধ্যে। প্রদত্ত বাক্যে নির্দিষ্ট সময়ের মধ্যে কাজটি শেষ করার ক্ষেত্রে উৎসাহ দান বুঝাচ্ছে। কাজেই *'choice* 'ঘ' সঠিক উত্তর।

৬৪. **Choose the right word to fill the blank :**
**It will be your task to make sure the — of traffic is maintained without interruption.**
ⓚ circulation ⓛ flow
ⓜ current ⓝ procession

(ব্যাখ্যা) ক. *circulation*— দৈনিক বা সাময়িক পত্রিকার প্রচার সংখ্যা কাটতি। খ. *flow*— স্বচ্ছন্দ গতি, বহমান, স্বাভাবিক ছন্দ। গ. *current*— জলস্রোত, বায়ুস্রোত, সাম্প্রতিক, প্রচলিত। ঘ. *procession*— মিছিল, শোভাযাত্রা। প্রদত্ত *sentence*-এ *traffic* কর্তৃক যানবাহনের স্বাভাবিক বা স্বচ্ছন্দ গতি বজায় রাখা বুঝায়। সুতরাং সঠিক উত্তর 'খ'।

৬৫. **'Paediatric' relates to the treatment of :**
ⓚ Adults ⓛ Children
ⓜ Women ⓝ Old people

উত্তর

| | |
|---|---|
| ৫৭ | খ |
| ৫৮ | গ |
| ৫৯ | খ |
| ৬০ | গ |
| ৬১ | ঘ |
| ৬২ | ঘ |
| ৬৩ | ঘ |
| ৬৪ | খ |
| ৬৫ | খ |

(ব্যাখ্যা) *Paediatric— শিশু চিকিৎসা। কাজেই এটি Children-এর সাথে সম্পর্কিত। তাই সঠিক উত্তর 'খ'।*

**৬৬. The word 'ecological' is related to —:**

ⓚ Demography ⓑ Pollution
ⓖ Atmosphere ⓓ Environment

(ব্যাখ্যা) *Ecological অর্থ বাস্তুবিদ্যা সংক্রান্ত/পরিবেশ দূষণ সংক্রান্ত। সুতরাং বিষয়টি অবশ্যই পরিবেশের সাথে সম্পৃক্ত। সুতরাং সঠিক উত্তর 'ঘ'।*

**৬৭. The correct spelling is —:**

ⓚ Humorious ⓑ Humorous
ⓖ Humourius ⓓ Humurious

(ব্যাখ্যা) *প্রদত্ত চারটি Option-এর মাঝে 'খ' প্রদত্ত Humorous কেবল সঠিক ও অর্থপূর্ণ শব্দ। Humorous (হিউমরাস) একটি Adjective এবং এটির অর্থ রসাত্মক সরস, সকৌতুক। অতএব, 'খ' Humorous প্রদত্ত যথার্থ answer হতে পারে।*

**৬৮. A 'pilgrim' is a person who undertakes a journey to a—**

ⓚ Mosque ⓑ A new country
ⓖ Holy place ⓓ Bazar

(ব্যাখ্যা) *Pilgrim শব্দটির অর্থ তীর্থযাত্রী, যারা সাধারণত কোনো পবিত্র স্থানের উদ্দেশ্যে যাত্রা করে। এখানে Mosque পবিত্র স্থান হলেও এতে তীর্থযাত্রী হিসেবে কেউ গমন করে না। অন্যদিকে a new country ও bazar শব্দ দুটি pilgrim শব্দের সাথে সঙ্গতিপূর্ণ নয়। সুতরাং সঠিক উত্তর 'গ'।*

**৬৯. A person who writes about his own life writes —.**

ⓚ A biography ⓑ A diary
ⓖ A chronicle ⓓ An autobiography

(ব্যাখ্যা) *ক. A biography— বিভিন্ন ব্যক্তির জীবন কথা বিষয়ক সাহিত্যের বিশেষ শাখা। খ. A diary— দিনপঞ্জি। গ. A chronicle— কালানুক্রমিক/ ঘটনাপঞ্জি। ঘ. An autobiography— আত্মজীবনী (নিজের জীবনেতিহাস)। সুতরাং 'ঘ' উত্তরটি সঠিক।*

**৭০. What is the meaning of 'White Elephant'?**

ⓚ An elephant of white colour
ⓑ A hoarder
ⓖ A black marketer
ⓓ A very costly or troublesome possession

(ব্যাখ্যা) *White Elephant—একটি Phrases & Idioms যার অর্থ কাজে আসে না অথচ দামি ও অসুবিধাজনক। অতএব সঠিক উত্তর 'ঘ'।*

**৭১. If we want concrete proof, we are looking for —.**

ⓚ Building material ⓑ Something to cover a path
ⓖ Clear evidence ⓓ A cement Mixer

(ব্যাখ্যা) *ক. Building material— নির্মাণ সামগ্রী। খ. Something to cover a path— রাস্তা ঢাকার জন্য কোনো মিশ্রণ সামগ্রী। গ. Clear evidence— সুনির্দিষ্ট সাক্ষ্য প্রদান। ঘ. A cement mixer— সিমেন্টের মিশ্রণ। প্রদত্ত sentence-এর concrete শব্দটির তিনটি অর্থ রয়েছে, যথা–সুনির্দিষ্ট বা বাস্তব; চুন বা বালির সাথে সিমেন্টের মিশ্রণে তৈরি নির্মাণ সামগ্রী এবং চুন বা বালির মিশ্রণ দ্বারা লেপ দেওয়া। concrete শব্দের পর proof শব্দটি ব্যবহার করায় concrete শব্দটির অর্থ যে সুনির্দিষ্ট বা বাস্তব এটি অত্যন্ত স্পষ্ট। সুতরাং প্রদত্ত choice গুলোর মধ্যে 'গ' বাক্যের সাথে বেশি সামঞ্জস্যপূর্ণ। সুতরাং সঠিক উত্তর 'গ'।*

**৭২. The lights have been blown — by the strong wind.**

ⓚ Out ⓑ Away
ⓖ Up ⓓ Off

(ব্যাখ্যা) *blow out — বায়ু প্রবাহের ফলে নিভে যাওয়া বুঝায়। blow up— বিস্ফোরক দ্রব্য ব্যবহারের মাধ্যমে কোনো কিছু উড়িয়ে দেওয়া। blow off— কোনো কিছু থেকে কোনো কিছু নির্গত হওয়া। blow away -উড়িয়ে নেওয়া অর্থে ব্যবহৃত হয়। সুতরাং 'ক' উত্তরটি সঠিক।*

**৭৩. As the sun—, I decided to go out.**

ⓚ Has shone ⓑ Shine
ⓖ Shines ⓓ Was shining

(ব্যাখ্যা) *সাধারণ নিয়মানুযায়ী principal clause যদি past tense-এ থাকে তাহলে subordinate clause অবশ্যই past tense হবে। সে হিসেবে উত্তর 'ক', 'খ' এবং 'গ' ভুল। অতএব, সঠিক উত্তর 'ঘ'।*

**৭৪. Maiden speech means —.**

ⓚ Late speech ⓑ Early speech
ⓖ Final speech ⓓ First speech

(ব্যাখ্যা) *Maiden অর্থ হলো কুমারী, যার অন্য অর্থ হলো সর্বপ্রথম। এ প্রেক্ষিতে 'খ' এবং 'ঘ' এর মধ্যে সন্দেহ সৃষ্টি হলেও choice 'ঘ' অধিক সঠিক। কারণ সংসদ সদস্যদের প্রথম বক্তৃতাকেই Maiden speech বলা হয়।*

**৭৫. 'Out and out' means—.**

ⓚ Not at all ⓑ Brave
ⓖ Thoroughly ⓓ Whole heatedly

(ব্যাখ্যা) *Out and out— সম্পূর্ণরূপে, পুরোদস্তুর, তন্নতন্ন করে, শুরু থেকে শেষ পর্যন্ত। 'ক' Not at all— আদৌ নয়। 'খ' Brave— সাহসী। 'গ' Thoroughly— তন্নতন্ন করে, আদি থেকে অন্ত পর্যন্ত। 'ঘ' Whole heatedly— সম্পূর্ণ গরম। কাজেই সঠিক উত্তর 'গ'।*

**৭৬. He divided the money — the two children.**

ⓚ Over ⓑ In between
ⓖ Among ⓓ Between

উত্তর

| | |
|---|---|
| ৬৬ | ঘ |
| ৬৭ | খ |
| ৬৮ | গ |
| ৬৯ | ঘ |
| ৭০ | ঘ |
| ৭১ | গ |
| ৭২ | ক |
| ৭৩ | ঘ |
| ৭৪ | ঘ |
| ৭৫ | গ |
| ৭৬ | ঘ |

(ব্যাখ্যা) সাধারণত দুয়ের মধ্যে ভাগাভাগি বুঝাতে between বসে আর অনেকের মধ্যে ভাগাভাগি বুঝাতে among বসে। তাছাড়া দুয়ের মাঝে অবস্থিত বুঝালে in between বসে। সুতরাং দুয়ের মধ্যে টাকা ভাগ করে দেয়ার বিষয়টি থাকায় সঠিক উত্তর হবে 'ঘ'।

**৭৭. No one can — that he is clever.**

ⓚ Deny ⓚ Defy
ⓖ Denounce ⓖ Discard

(ব্যাখ্যা) ক. deny— অস্বীকার করা; খ. defy— আহবান করা; গ. admire— প্রশংসা করা; ঘ. denounce— অভিযুক্ত করা; মূলত বাক্যটির অর্থ হতে পারে, কেহই... করতে পারে না যে সে চালাক। এ প্রেক্ষিতে শূন্যস্থানে অস্বীকার করা (deny) এর ব্যবহারই সবচেয়ে যুক্তিযুক্ত। সুতরাং সঠিক উত্তর 'ক'।

**৭৮. Do not make a noise while your father —?**

ⓚ Is sleeping ⓚ Has slept
ⓖ Asleep ⓖ Is being asleep

(ব্যাখ্যা) সাধারণত principal clause যদি present tense হয় তাহলে subordinate clause যে কোনো tense-এ হতে পারে। কিন্তু এখানে subordinate clause-এর শুরুতে while থাকায় তা continious tense হবে। সুতরাং সঠিক উত্তর 'ক'।

**৭৯. He gave up — football when he got married.**

ⓚ Of playing ⓚ To play
ⓖ Playing ⓖ Play

(ব্যাখ্যা) সাধারণত পাশাপাশি দুটি verb ব্যবহৃত হলে দ্বিতীয়টির সাথে ing যুক্ত হয়। সে নিয়মানুযায়ী সঠিক উত্তর 'গ'। কেননা, give up একটি phrasal verb এবং এরপর 'play' verb-এর সাথে ing যুক্ত হয়েছে।

**৮০. He has been ill — Friday last.**

ⓚ From ⓚ On
ⓖ In ⓖ Since

(ব্যাখ্যা) Point of time (কোনো কাজ শুরুর সময়) এর পূর্বে since বসে। যেহেতু সে গত শুক্রবার থেকে অসুস্থ, সেহেতু এটি point of time বুঝাচ্ছে। সুতরাং এর পূর্বে since ব্যবহার করাই শ্রেয়। তাই সঠিক উত্তর 'ঘ'।

**৮১. ঢাকায় বাংলার রাজধানী স্থাপনের সময় মোগল সুবেদার কে ছিলেন?**

ⓚ ইসলাম খান ⓚ ইব্রাহীম খান
ⓖ শায়েস্তা খান ⓖ মীর জুমলা

(ব্যাখ্যা) মুঘল সম্রাট জাহাঙ্গীর ক্ষমতা গ্রহণ করে শেখ আলাউদ্দিন ইসলাম খান চিশতীকে বাংলার সুবেদার নিয়োগ করেন। ইসলাম খান ১৬১০ সালে রাজমহল থেকে স্থানান্তরিত করে ঢাকায় বাংলার রাজধানী স্থাপন করেন এবং সম্রাট জাহাঙ্গীরের নামানুসারে ঢাকার নামকরণ করেন জাহাঙ্গীরনগর।

**৮২. শিক্ষা বিভাগের ট্রেনিংয়ের শীর্ষ প্রতিষ্ঠান কোনটি?**

ⓚ বিয়াম ⓚ নায়েম
ⓖ টিটিসি ⓖ ইউজিসি

(ব্যাখ্যা) বিয়াম (BIAM)-এর পূর্ণরূপ বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট। এ প্রতিষ্ঠানটি বিসিএস প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের ট্রেনিং প্রদান করে। নায়েম (NIEAM)-এর পূর্ণরূপ ন্যাশনাল ইনস্টিটিউট অব এডুকেশনাল অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট। এটি শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ এবং শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ে ট্রেনিং প্রদান করে। টিটিসি (TTC)-এর পূর্ণরূপ হলো টিচার্স ট্রেনিং কলেজ। এটি বিএড ট্রেনিং প্রদান করে। ইউজিসি (UGC) হলো ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন বা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন। এটি সরকার ও বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে যোগাযোগ বা মধ্যস্থতা বিধান করে।

**৮৩. 'সাবাশ বাংলাদেশ' ভাস্কর্যটির শিল্পী কে?**

ⓚ হামিদুজ্জামান ⓚ নিতুন কুণ্ডু
ⓖ মৃণাল হক ⓖ শামিম শিকদার

(ব্যাখ্যা) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মতিহার সবুজ চত্বরে মুক্তাঙ্গনের উত্তর পার্শ্বে 'সাবাশ বাংলাদেশ' ভাস্কর্যটি অবস্থিত। এর স্থপতি নিতুন কুণ্ডু। নিতুন কুণ্ডুর অন্যান্য ভাস্কর্যের মধ্যে রয়েছে– সার্ক ফোয়ারা (কারওয়ান বাজার), কদমফুল ফোয়ারা (জাতীয় ঈদগাহ ময়দান), সাম্পান (চট্টগ্রাম বিমানবন্দর) ইত্যাদি।

**৮৪. 'সূর্য দীঘল বাড়ি' চলচ্চিত্রের পরিচালক কে?**

ⓚ শেখ নিয়ামত শাকের ⓚ জহির রায়হান
ⓖ সুভাষ দত্ত ⓖ খান আতা

(ব্যাখ্যা) 'সূর্য দীঘল বাড়ি' উপন্যাস অবলম্বনে চলচ্চিত্র নির্মিত হয় শেখ নিয়ামত আলী এবং মসিহউদ্দিন শাকেরের পরিচালনায়। আর মূল উপন্যাসটির রচয়িতা আবু ইসহাক। অন্যদিকে জহির রায়হান পরিচালিত চলচ্চিত্রের মধ্যে রয়েছে— কাচের দেয়াল (১৯৬৩), সঙ্গম (১৯৬৪), বেহুলা (১৯৬৬), জীবন থেকে নেয়া (১৯৭০), Stop Genocide (প্রামাণ্য চলচ্চিত্র), A State is Born (প্রামাণ্য চলচ্চিত্র) ইত্যাদি।

**৮৫. স্টক শেয়ারে প্রবর্তিত নতুন পদ্ধতি কোনটি?**

ⓚ ডিভিডেন্ড ⓚ ডিভ্যালু
ⓖ ডিম্যাট ⓖ ডিসকাউন্ট

(ব্যাখ্যা) ১৯৫৪ সালের ২৮ এপ্রিল পূর্ব পাকিস্তান স্টক এক্সচেঞ্জ অ্যাসোসিয়েশন স্থাপিত হয়। এরপর ১৯৬২ সালের ২৩ জুন এর নাম পরিবর্তন করে পূর্ব পাকিস্তান স্টক এক্সচেঞ্জ লি. এবং ১৯৬৪ সালের ১৪ মে আবার পরিবর্তন করে ঢাকা স্টক এক্সচেঞ্জ লি. (DSE) রাখা হয়। ১৯৯৫ সালে সিকিউরিটি ও এক্সচেঞ্জ কমিশন চট্টগ্রামে দেশের দ্বিতীয় স্টক এক্সচেঞ্জ প্রতিষ্ঠার অনুমোদন দেয়। এ কমিশন স্টক শেয়ারের ক্ষেত্রে বেশ কিছু উন্নয়নমূলক পদক্ষেপ গ্রহণ করে, যেমন– ডিম্যাট (demat) ব্যবস্থার শেয়ার লেনদেনে ডিপজিটরি পদ্ধতি চালু, আন্তর্জাতিক মান ও পদ্ধতি প্রবর্তন, প্রয়োজনীয় অবকাঠামো গড়ে তোলা ইত্যাদি।

উত্তর

| | |
|---|---|
| ৭৭ | ক |
| ৭৮ | ক |
| ৭৯ | গ |
| ৮০ | ঘ |
| ৮১ | ক |
| ৮২ | খ |
| ৮৩ | খ |
| ৮৪ | ক |
| ৮৫ | গ |

Boighar.com

৮৬. বাংলাদেশে চিনি শিল্পের ট্রেনিং ইনস্টিটিউট কোথায় অবস্থিত?
ⓚ দিনাজপুর ⓚ রংপুর
ⓖ ঈশ্বরদী ⓖ যশোর

(ব্যাখ্যা) ঈশ্বরদীতে অবস্থিত বাংলাদেশ ইক্ষু গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট ইক্ষুর ওপর নানা গবেষণা ও ইক্ষু চাষের ওপর নানা প্রশিক্ষণ প্রদান করে থাকে। এ প্রতিষ্ঠানটি ৩০টি উন্নত জাতের উচ্চ ফলনশীল আখ উদ্ভাবন করেছে। উল্লেখ্য, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট এর বর্তমান নাম বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট।

৮৭. মানবাধিকার দিবস পালিত হয় কবে?
ⓚ ২৬ জুন ⓚ ১ আগস্ট ⓖ ১ মে ⓖ ১০ ডিসেম্বর

(ব্যাখ্যা) ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদের উদ্যোগে সর্বজনীন মানবাধিকার ঘোষণা করা হয়। তাই প্রতি বছরের ১০ ডিসেম্বর 'বিশ্ব মানবাধিকার দিবস' পালিত হয়। অন্যদিকে, ২৬ জুন 'আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস', ১ আগস্ট 'বিশ্ব মাতৃদুগ্ধ দিবস' এবং ১ মে 'আন্তর্জাতিক শ্রমিক দিবস' বা মে দিবস।

৮৮. শহীদ চান্দু স্টেডিয়াম কোন শহরে অবস্থিত?
ⓚ রাজশাহী ⓚ বগুড়া
ⓖ কুমিল্লা ⓖ চট্টগ্রাম

(ব্যাখ্যা) ১৯৬২ সালে স্টেডিয়ামটি নির্মাণের জন্য বগুড়া শহরের মালগ্রাম এলাকার ২০.৬২ একর জমি অধিগ্রহণ করা হয়। ১৯৭০ সালে নির্মাণ কাজ শুরু হলেও দুটি গ্যালারি ছাড়া অন্যকিছু নির্মাণ করা হয়নি। অতঃপর ২০০৩ সালের ৩ জুন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া স্টেডিয়ামটির নির্মাণ কাজের উদ্বোধন করেন এবং ৭ ফেব্রুয়ারি ২০০৪ স্টেডিয়ামটি উদ্বোধন করা হয়।

৮৯. বাংলা একাডেমির প্রথম মহাপরিচালক কে ছিলেন?
ⓚ প্রফেসর আব্দুল হাই ⓚ ড. মুহম্মদ শহীদুল্লাহ
ⓖ কাজী মোতাহার হোসেন ⓖ ড. এনামুল হক

[Note : ড. মুহম্মদ এনামুল হক ১৯৫৬ সালের ১ ডিসেম্বর বাংলা একাডেমির প্রথম পরিচালক হিসেবে নিযুক্ত হন। দেশ স্বাধীন হওয়ার পর সরকার পরিচালিত কেন্দ্রীয় বাংলা-উন্নয়ন বোর্ডকে বাংলা একাডেমির সাথে একীভূত করে এর কাঠামোগত পরিবর্তন আনা হয় ও পরিচালকের পদমর্যাদা মহাপরিচালকে উন্নীত করা হয়। বাংলা একাডেমির প্রথম মহাপরিচালক ছিলেন অধ্যাপক মযহারুল ইসলাম (২ জুন ১৯৭২-১২ আগস্ট ১৯৭৪)।]

৯০. বাংলাদেশের সর্ববৃহৎ ঈদের জামাত সাধারণত কোথায় হয়ে থাকে?
ⓚ বায়তুল মোকাররম – ঢাকা ⓚ শাহ মখদুম মসজিদ – রাজশাহী
ⓖ জাতীয় ঈদগাহ – ঢাকা ⓖ শোলাকিয়া – কিশোরগঞ্জ

(ব্যাখ্যা) কিশোরগঞ্জ জেলার শোলাকিয়ায় অনুষ্ঠিত দক্ষিণ এশিয়ার সর্ববৃহৎ ঈদের জামায়াতে তিন থেকে সাড়ে তিন লক্ষ লোকের জামায়াত হয়। উল্লেখ্য, সম্প্রতি দিনাজপুরের গোর-এ শহীদ ময়দানে দেশের সর্ববৃহৎ ঈদের জামাত অনুষ্ঠিত হয়। বৃহৎ এ ঈদের জামাতে ছয় লাখ মুসল্লি একসঙ্গে নামাজ আদায় করেছেন বলে জানায় আয়োজক কমিটি।

৯১. বাংলাদেশের GDP তে কৃষিখাতের অবদান কত?
ⓚ ৭০ শতাংশ ⓚ ৭৩ শতাংশ
ⓖ ৭৫ শতাংশ ⓖ ৭৭ শতাংশ

[Note : অর্থনৈতিক সমীক্ষা ২০১৮-এর তথ্য মতে, ২০১৬-১৭ অর্থবছরে চূড়ান্ত হিসাবে জিডিপিতে কৃষির বিভিন্ন উপখাতের সমন্বিত অবদান ১৪.২৩ শতাংশ।]

৯২. দক্ষিণ তালপট্টি দ্বীপ কোন নদীর মোহনায় অবস্থিত?
ⓚ রূপসা ⓚ বালেশ্বর
ⓖ হাড়িয়াভাঙ্গা ⓖ ভৈরব

(ব্যাখ্যা) দক্ষিণ তালপট্টি দ্বীপটি সাতক্ষীরা জেলার দক্ষিণে সীমান্ত নদী হাড়িয়াভাঙ্গা নদীর মোহনায় অবস্থিত। বাংলাদেশ-ভারত সমুদ্রসীমা নির্ধারণী মামলার রায় অনুযায়ী এ দ্বীপটি ভারত লাভ করে। তবে বর্তমানে দক্ষিণ তালপট্টি দ্বীপের অস্তিত্ব নেই।

৯৩. বাংলাদেশে মোট আবাদযোগ্য জমির পরিমাণ কত?
ⓚ ২ কোটি ৪০ লক্ষ একর ⓚ ২ কোটি ৫০ লক্ষ একর
ⓖ ২ কোটি ২৫ লক্ষ একর ⓖ ২ কোটি একর

[Note : বিবিএস ২০১৭ অনুসারে দেশে আবাদি জমির পরিমাণ ২,১১,৯৫,১৪২ একর (প্রায়)। উল্লেখ্য, বাংলাদেশে মোট জমির পরিমাণ ৩,৬৬,৫৭,০০০ একর এবং সেচকৃত জমি ১,৭৬,০৬,০০০ একর।]

৯৪. বাংলার নববর্ষ পহেলা বৈশাখ চালু করেছিলেন —
ⓚ ফখরুদ্দিন মোবারক শাহ ⓚ ইলিয়াস শাহ
ⓖ সম্রাট আকবর ⓖ সম্রাট বাবর

(ব্যাখ্যা) কৃষিকাজের সুবিধার্থেই মোগল সম্রাট আকবর ১৫৮৪ খ্রিষ্টাব্দের ১০/১১ মার্চ বাংলা সন প্রবর্তন করেন এবং তা ১৫৫৬ সালের ৫ নভেম্বর তার সিংহাসনে আরোহণের সময় থেকে কার্যকর হয়। হিজরি চান্দ্রসন ও বাংলা সৌরসনকে ভিত্তি করে বাংলা সন প্রবর্তিত হয়। আর বাংলা নববর্ষ পালন শুরু করেন সম্রাট আকবরই।

৯৫. 'কান্তজীউ মন্দির' কোন জেলায় অবস্থিত?
ⓚ জয়পুরহাট ⓚ কুমিল্লা
ⓖ রাঙামাটি ⓖ দিনাজপুর

(ব্যাখ্যা) দিনাজপুর শহরের ১২ মাইল উত্তরে কান্তানগরে কান্তজীউ মন্দির অবস্থিত। উল্লেখ্য, কুমিল্লা জেলার ঐতিহাসিক নিদর্শনের মধ্যে রয়েছে ময়নামতি, আনন্দ বিহার, শালবন বিহার ইত্যাদি।

৯৬. মহাখালী ফ্লাইওভারে কয়টি স্প্যান আছে?
ⓚ ১৭টি ⓚ ১৮টি
ⓖ ১৯টি ⓖ ২১টি

(ব্যাখ্যা) নির্মাণ সমাপ্তির দিক থেকে মহাখালী ফ্লাইওভার দেশের প্রথম ফ্লাইওভার। মহাখালী ফ্লাইওভার উদ্বোধন করা হয় ৪ নভেম্বর ২০০৪। দৈর্ঘ্য ১০১২ মিটার, প্রস্থ ১৭.৯ মিটার, মোট পাইল ১৮টি, মোট স্প্যান ১৯টি। এর নির্মাণকারী প্রতিষ্ঠান চায়না ফাস্ট মেটার্লজিক্যাল কনস্ট্রাকশন কর্পোরেশন।

উত্তর

| | |
|---|---|
| ৮৬ | গ |
| ৮৭ | ঘ |
| ৮৮ | খ |
| ৮৯ | Note |
| ৯০ | ঘ |
| ৯১ | Note |
| ৯২ | গ |
| ৯৩ | Note |
| ৯৪ | গ |
| ৯৫ | ঘ |
| ৯৬ | গ |

৯৭. চলতি আর্থিক বাজেটে কৃষিতে ভর্তুকি কত টাকা ধরা হয়েছে?
ⓚ ৩০০ কোটি টাকা ⓚ ৪০০ কোটি টাকা
ⓖ ৫০০ কোটি টাকা ⓖ ৬০০ কোটি টাকা

[Note : ২০১৮-১৯ অর্থবছরে কৃষিতে ভর্তুকির পরিমাণ ৯০০০ কোটি টাকা। উল্লেখ্য, বিগত কয়েক অর্থবছর যাবত বাজেটে কৃষিতে ভর্তুকি ছিল ৯০০০ কোটি টাকা।]

৯৮. বাংলাদেশের সীমান্তবর্তী কোন জেলার সাথে ভারতের কোনো সংযোগ নেই?
ⓚ বান্দরবান ⓚ চাঁপাইনবাবগঞ্জ
ⓖ পঞ্চগড় ⓖ দিনাজপুর

(ব্যাখ্যা) বান্দরবানের সাথে ভারতের সংযোগ নেই। বান্দরবানের সংযোগ আছে মিয়ানমারের সাথে। বান্দরবান ছাড়া মিয়ানমারের সাথে আরো সংযোগ আছে কক্সবাজার জেলার। ভারতের সাথে বাংলাদেশের সীমান্তবর্তী জেলা ৩০টি এবং মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্তবর্তী জেলা ৩টি। উল্লেখ্য, রাঙামাটিই একমাত্র জেলা, যার সাথে উভয় দেশের সীমান্ত সংযুক্ত রয়েছে।

৯৯. বাংলাদেশের একমাত্র মৎস্য গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?
ⓚ রাজশাহী ⓚ ঢাকা
ⓖ চট্টগ্রাম ⓖ চাঁদপুর

[Note : বাংলাদেশের একমাত্র মৎস্য গবেষণা ইনস্টিটিউট ময়মনসিংহে অবস্থিত। মৎস্য চাষ পরিকল্পনা, সমন্বয় ও গবেষণার জন্য এটি ১৯৮৪ সালে প্রতিষ্ঠিত হয়। এর অধীনে পাঁচটি গবেষণা স্টেশন রয়েছে।]

১০০. বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ কোনটি?
ⓚ সেন্টমার্টিন ⓚ মহেশখালী
ⓖ ছেঁড়া দ্বীপ ⓖ নিঝুম দ্বীপ

(ব্যাখ্যা) কক্সবাজার জেলার অন্তর্গত বাঁশখালী নদীর তীরে অবস্থিত বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ মহেশখালী। দ্বীপটির প্রধান আকর্ষণ শুঁটকি মাছ ও মিঠা পানি। এ দ্বীপের পাহাড়ের ওপর অবস্থিত আদিনাথ মন্দিরকে ঘিরে গড়ে উঠেছে পর্যটনকেন্দ্র।

বাংলাদেশে সর্বপ্রথম ডিজিটাল টেলিফোন ব্যবস্থা কবে চালু হয়?
ⓚ ৪ জানুয়ারি ১৯৯০ ⓚ ৩ ফেব্রুয়ারি ১৯৯০
ⓖ ৩ মার্চ ১৯৯০ ⓖ ৪ জানুয়ারি ১৯৯১

(ব্যাখ্যা) বাংলাদেশ টেলিগ্রাফ ও টেলিফোন বোর্ড (বিটিটিবি) যার বর্তমান নাম বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড (BTCL)। দেশব্যাপী সর্বাধুনিক টেলি সেবা বৃদ্ধির লক্ষ্যে ১৯৯০ সালের ৪ জানুয়ারি সর্বপ্রথম ডিজিটাল টেলিফোন ব্যবস্থা চালু করে।

সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের নাগরিকগণ বাংলাদেশী বলে পরিচিত হবেন?
ⓚ ৬ (১) ⓚ ৬ (২)
ⓖ ৭ ⓖ ৮

(ব্যাখ্যা) বাংলাদেশ সংবিধানের প্রথম ভাগ (প্রজাতন্ত্র)-এর ৬নং ধারায় নাগরিকের নাগরিকত্ব সম্পর্কে বলা হয়েছে। এ ধারার ৬(১)-এ বলা হয়েছে "বাংলাদেশের নাগরিকত্ব আইনের দ্বারা নির্ধারিত ও নিয়ন্ত্রিত হইবে" এবং ৬(২) এ বলা হয়েছে "বাংলাদেশের জনগণ জাতি হিসাবে বাঙালী এবং নাগরিকগণ বাংলাদেশী বলিয়া পরিচিত হইবেন।" ৭ ধারায় সংবিধানের প্রাধান্য এবং ৮ ধারায় রাষ্ট্র পরিচালনার মূলনীতির উল্লেখ রয়েছে।

১০৩. বাংলাদেশ OIC-এর সদস্য হয় কোন সনে?
ⓚ ১৯৭৩ ⓚ ১৯৭৪
ⓖ ১৯৭৫ ⓖ ১৯৭৬

(ব্যাখ্যা) বাংলাদেশ ওআইসির সদস্য পদ লাভ করে ১৯৭৪ সালের ২৩ ফেব্রুয়ারি। ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর বাংলাদেশ জাতিসংঘেরও সদস্য পদ লাভ করে।

১০৪. কতজন ব্যক্তি নিয়ে গ্রাম সরকার গঠিত?
ⓚ ৯ জন ⓚ ১১ জন
ⓖ ১৩ জন ⓖ ১৫ জন

(ব্যাখ্যা) একজন সরকারপ্রধান, একজন উপদেষ্টা ও ১৩ জন সদস্যের সমন্বয়ে মোট ১৫ জন ব্যক্তি নিয়ে গ্রাম সরকার গঠিত। সংশ্লিষ্ট ইউপি সদস্য সরকারপ্রধান এবং মহিলা সদস্য গ্রাম সরকারের উপদেষ্টা সদস্য হবেন। অবশিষ্ট ১৩ জন সদস্য গ্রামের বিভিন্ন শ্রেণীর লোকদের মধ্য থেকে নির্বাচিত হবেন। উল্লেখ্য, ৬ এপ্রিল ২০০৯ জাতীয় সংসদে গ্রাম সরকার (রহিতকরণ) বিল পাস হওয়ার মাধ্যমে গ্রাম সরকার ব্যবস্থা বাতিল হয়ে যায়।

১০৫. মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় কোন সনে গঠিত হয়?
ⓚ ১৯৯২ সনে ⓚ ২০০০ সনে
ⓖ ২০০১ সনে ⓖ ২০০২ সনে

(ব্যাখ্যা) মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় গঠিত হয় ২৩ অক্টোবর ২০০১। সংবিধানের ৫৫(৬) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি ২০০১ সালে 'মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়' নামে এ মন্ত্রণালয়টি গঠন করেন।

১০৬. ভারতের সাথে বাংলাদেশের সীমান্ত জেলা কয়টি?
ⓚ ২৮ ⓚ ৩০
ⓖ ৩১ ⓖ ৩৫

(ব্যাখ্যা) ভারতের সাথে বাংলাদেশের সীমান্ত জেলা ৩০টি। এগুলো হলো ময়মনসিংহ বিভাগের ৪টি— জামালপুর, শেরপুর, ময়মনসিংহ ও নেত্রকোনা; সিলেট বিভাগের ৪টি— সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও হবিগঞ্জ; চট্টগ্রাম বিভাগের ৬টি— চট্টগ্রাম, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, ফেনী, কুমিল্লা ও ব্রাহ্মণবাড়িয়া; রাজশাহী বিভাগের ১০টি— কুড়িগ্রাম, লালমনিরহাট, পঞ্চগড়, নীলফামারী, ঠাকুরগাঁও, জয়পুরহাট, দিনাজপুর, নওগাঁ নবাবগঞ্জ ও রাজশাহী এবং খুলনা বিভাগের ৬টি— মেহেরপুর, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, যশোর ও সাতক্ষীরা।

উত্তর

| | |
|---|---|
| ৯৭ | Note |
| ৯৮ | ক |
| ৯৯ | Note |
| ১০০ | খ |
| ১০১ | ক |
| ১০২ | খ |
| ১০৩ | খ |
| ১০৪ | ঘ |
| ১০৫ | |
| ১০৬ | খ |

১০৭. বাংলাদেশ কোন সনে বিশ্ব বাণিজ্য সংস্থার সদস্য হয়?
ক ১৯৯১ খ ১৯৯৪
গ ১৯৯২ ঘ ১৯৯৫

ব্যাখ্যা WTO-এর পূর্ণরূপ World Trade Organization। এর পূর্ব নাম GAAT। সংস্থাটি প্রতিষ্ঠিত হয়েছিল ১৯৪৮ সালের ১ জানুয়ারি। ১৯৯৫ সালের ১ জানুয়ারি এর নামকরণ করা হয় WTO। সদর দপ্তর অবস্থিত সুইজারল্যান্ডের জেনেভায়। ১ জানুযারি ১৯৯৫ বাংলাদেশ ডব্লিউটিও-এর ২৮তম সদস্যপদ লাভ করে।

১০৮. বাংলাদেশের প্রথম বেসরকারি ব্যাংক কোনটি?
ক ন্যাশনাল ব্যাংক খ আরব-বাংলাদেশ ব্যাংক
গ আইএফআইসি ব্যাংক ঘ দি সিটি ব্যাংক

ব্যাখ্যা বাংলাদেশের প্রথম বেসরকারি ব্যাংক আরব-বাংলাদেশ ব্যাংক। এটি ১৯৮২ সালের ১২ এপ্রিল প্রতিষ্ঠিত হয়।

১০৯. SPARRSO কোন মন্ত্রণালয়ের অধীন?
ক শিল্প মন্ত্রণালয় খ শিক্ষা মন্ত্রণালয়
গ পরিবেশ মন্ত্রণালয় ঘ প্রতিরক্ষা মন্ত্রণালয়

ব্যাখ্যা SPARRSO-এর পূর্ণরূপ Space Research and Remote Sensing Organisation অর্থাৎ মহাকাশ গবেষণা এবং দূর অনুধাবন কেন্দ্র। ১৯৮০ সালে প্রতিষ্ঠিত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন ঘূর্ণিঝড় ও দুর্যোগের ক্ষেত্রে বাংলাদেশের একমাত্র পূর্বাভাস কেন্দ্র SPARRSO ঢাকার আগারগাঁওয়ে অবস্থিত।

১১০. বাংলাদেশে রঙিন টিভি সম্প্রচার কোন সনে শুরু হয়?
ক ১৯৭৯ খ ১৯৮০
গ ১৯৮১ ঘ ১৯৮২

ব্যাখ্যা ১৯৮০ সালের ১ ডিসেম্বর তারিখে রামপুরা টিভি কেন্দ্র থেকে বাংলাদেশে প্রথম রঙিন টেলিভিশন সম্প্রচার শুরু হয়। উল্লেখ্য, বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) ১৯৬৪ সালের মার্চ মাসে প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হয় এবং ২৫ ডিসেম্বর উদ্বোধন করা হয়।

১১১. বাংলাদেশের বৃহত্তম সেচ প্রকল্প কোনটি?
ক গঙ্গা-কপোতাক্ষ প্রকল্প খ তিস্তা সেচ প্রকল্প
গ কাপ্তাই সেচ প্রকল্প ঘ ফেনী সেচ প্রকল্প

ব্যাখ্যা তিস্তা সেচ প্রকল্প বাংলাদেশের বৃহত্তম সেচ প্রকল্প। রংপুরের দোয়ানীতে তিস্তা নদীতে বাঁধ দিয়ে বৃহত্তর রংপুর ও দিনাজপুর অঞ্চলের প্রায় ৩৫টি উপজেলার প্রায় সাড়ে ১৮ লক্ষ একর জমিতে পানি সেচের ব্যবস্থা করা এ প্রকল্পের উদ্দেশ্য।

১১২. 'মনপুরা-৭০' কি?
ক একটি উপজেলা খ একটি নদীবন্দর
গ একটি উপন্যাস ঘ একটি চিত্রশিল্প

ব্যাখ্যা ১৯৭০ সালের ভয়াবহ জলোচ্ছ্বাসের প্রেক্ষাপট নিয়ে শিল্পাচার্য জয়নুল আবেদিনের আঁকা চিত্রকর্ম হলো 'মনপুরা-৭০'।

১১৩. কোন আইন সংস্কার করে 'র‍্যাব' (Rapid Action Battalion) গঠন করা হয়?
ক ডিএমপি অ্যাক্ট ১৯৭৬ খ ডিবি পুলিশ অ্যাক্ট ১৯৮৩
গ র‍্যাপিড একশন ব্যাটালিয়ন অ্যাক্ট ২০০৩
ঘ আর্মড পুলিশ ব্যাটালিয়ন অ্যাক্ট ১৯৭৯

ব্যাখ্যা র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) হলো বাংলাদেশের আইনশৃঙ্খলা রক্ষা ও সন্ত্রাস দমনে গঠিত এলিট বাহিনী। ১৯৭৯ সালের আর্মড পুলিশ ব্যাটালিয়ন অ্যাক্ট সংশোধন করে গঠিত র‍্যাব আর্মড পুলিশ ব্যাটালিয়নের মূল কাঠামোর অধীনে একটি অতিরিক্ত ব্যাটালিয়ন হিসেবে গণ্য হয়। ৬ জুন, ২০০৩ র‍্যাব বিল সংসদে পাস হয় এবং ৮ জুন, ২০০৩ রাষ্ট্রপতির স্বাক্ষরের মাধ্যমে আইনে পরিণত হয়। এটি আনুষ্ঠানিকভাবে গঠিত হয় ২৬ মার্চ ২০০৪।

১১৪. বাংলাদেশের কোন প্রতিষ্ঠান মাইক্রোক্রেডিট সম্মেলনের অন্যতম উদ্যোক্তা?
ক চার্টার্ড ব্যাংক খ ন্যাশনাল ব্যাংক
গ গ্রামীণ ব্যাংক ঘ এবি ব্যাংক

ব্যাখ্যা ১৯৯৭ সালের ২-৪ ফেব্রুয়ারি প্রথম মাইক্রোক্রেডিট সম্মেলন অনুষ্ঠিত হয়। বাংলাদেশের গ্রামীণ ব্যাংকের উদ্যোগে প্রবর্তিত ক্ষুদ্র ঋণ কর্মসূচি বিশ্বের দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে ছড়িয়ে দেয়ার জন্য সর্বপ্রথম এ সম্মেলনের আয়োজন করা হয়। উল্লেখ্য, গ্রামীণ ব্যাংক এবং গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা ড. মুহাম্মদ ইউনূস ২০০৬ সালে যৌথভাবে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে।

১১৫. 'ইরাটম' কি?
ক উন্নত জাতের ধান খ উন্নত জাতের ইক্ষু
গ উন্নত জাতের পাট ঘ উন্নত জাতের চা

ব্যাখ্যা বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) উদ্ভাবিত একটি উন্নত জাতের ধানের নাম ইরাটম। এরূপ আরো কিছু উন্নতজাতের ধান হলো– ব্রি হাইব্রিড-১, চান্দিনা, মালা, বিপ্লব, দুলাভোগ, সুফলা ইত্যাদি।

১১৬. গ্রিন হাউজ ইফেক্টের জন্য বাংলাদেশে কোন ধরনের ক্ষতি হতে পারে?
ক নিম্নভূমি নিমজ্জিত হবে খ ক্রমশ উত্তাপ বেড়ে যাবে
গ বৃষ্টিপাত কমে যাবে ঘ বৃষ্টিপাতের পরিমাণ বাড়বে

ব্যাখ্যা ওজোন স্তরে ক্ষত সৃষ্টি হলে পৃথিবীর উষ্ণতা বৃদ্ধি পেয়ে কৃষি ও পরিবেশের ওপর যে বিরূপ প্রভাব ফেলে একেই গ্রিন হাউজ প্রভাব (Green House Effect) বলা হয়। গ্রিন হাউজ ইফেক্টের ফলে বায়ুমণ্ডল উত্তপ্ত হচ্ছে। ফলে মেরু অঞ্চলের বরফ ক্রমে গলে যাচ্ছে। এর ফলে পৃথিবীর নিম্নভূমি ক্রমশ নিমজ্জিত হবে।

১১৭. বেসরকারি বিল কাকে বলে?
ক স্পিকার যে বিলকে বেসরকারি বলে ঘোষণা দেন
খ সংসদ সদস্যদের উত্থাপিত বিল
গ বিরোধী দলের সদস্যদের উত্থাপিত বিল
ঘ রাষ্ট্রপতি কর্তৃক ঘোষিত বিল

উত্তর

| | |
|---|---|
| ১০৭ | ঘ |
| ১০৮ | খ |
| ১০৯ | ঘ |
| ১১০ | খ |
| ১১১ | খ |
| ১১২ | ঘ |
| ১১৩ | ঘ |
| ১১৪ | গ |
| ১১৫ | ক |
| ১১৬ | ক |
| ১১৭ | খ |

(ব্যাখ্যা) মন্ত্রী ছাড়া অন্য সংসদ সদস্য কর্তৃক উত্থাপিত বিলকে বেসরকারি বিল বলে। সংসদের ৭২(১) বিধি অনুসারে মন্ত্রী ব্যতীত সকল সংসদ সদস্য সংসদে বেসরকারি বিল উত্থাপনের নোটিশ দিতে পারে। উল্লেখ্য, সংসদে মন্ত্রিপরিষদের সদস্যদের উত্থাপিত বিলকে সরকারি বিল বলা হয়।

**১১৮. বাংলাদেশে কৃষিক্ষেত্রে 'বলাকা' ও 'দোয়েল' নাম দুটি কিসের?**

ⓚ দুটি কৃষি যন্ত্রপাতির নাম ⓛ দুটি কৃষি সংস্থার নাম
ⓜ উন্নতজাতের গম শস্য ⓝ কৃষি খামারের নাম

(ব্যাখ্যা) বলাকা ও দোয়েল উন্নতজাতের গমের নাম। আরো কিছু উন্নতজাতের গম শস্য হলো সোনালিকা, আকবর, আনন্দ, কাঞ্চন, বরকত, অগ্রণী, ইনিরা ৬৬, জোপাটেকো।

**১১৯. প্রথম আইসিসি ট্রফিতে বাংলাদেশ দলের অধিনায়ক কে ছিলেন?**

ⓚ গাজী আশরাফ হোসেন লিপু ⓛ আকরাম খান
ⓜ আমিনুল ইসলাম বুলবুল ⓝ শফিকুল হক হীরা

[Note : ১৯৭৬ সালের ২৬ জুলাই বাংলাদেশ আইসিসির সহযোগী সদস্যপদ লাভ করে। ১৯৭৯ সালে অনুষ্ঠিত প্রথম আইসিসি টুর্নামেন্টে বাংলাদেশ দলের অধিনায়কত্ব করেন রকিবুল হাসান।

**১২০. বাংলাদেশের কোথায় সুরমা ও কুশিয়ারা নদী মিলিত হয়ে মেঘনা নাম ধারণ করেছে?**

ⓚ ভৈরব ⓛ চাঁদপুর
ⓜ দেওয়ানগঞ্জ ⓝ আজমিরীগঞ্জ

(ব্যাখ্যা) সুরমা ও কুশিয়ারা হবিগঞ্জের আজমিরীগঞ্জে মিলিত হয়ে কালনি নাম ধারণ করে এবং ভৈরববাজারের নিকট মেঘনা নাম ধারণ করে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

**১২১. নাসাউ কোন দেশটির রাজধানী?**

ⓚ নিকোবর দ্বীপপুঞ্জ ⓛ মাদাগাস্কার দ্বীপপুঞ্জ
ⓜ বাহামা দ্বীপপুঞ্জ ⓝ ফিজি দ্বীপপুঞ্জ

(ব্যাখ্যা) বাহামা দ্বীপপুঞ্জের রাজধানী নাসাউ। অন্যদিকে, নিকোবর দ্বীপপুঞ্জের রাজধানী পোর্ট ব্লেয়ার, মাদাগাস্কার দ্বীপপুঞ্জের রাজধানী আন্টানানারিভো (মাদাগাস্কারের বর্তমান নাম মালাগাছি), ফিজির রাজধানী সুভা।

**১২২. জাপানের পার্লামেন্টের নাম কি?**

ⓚ রাইখস্ট্যাগ ⓛ রিকসড্যাগ
ⓜ ফোকেটিং ⓝ ডায়েট

(ব্যাখ্যা) জাপানের পার্লামেন্টের নাম ডায়েট। অন্যদিকে, রাইখস্ট্যাগ জার্মানির, রিকসড্যাগ সুইডেনের এবং ফোকেটিং ডেনমার্কের পার্লামেন্টের নাম।

**১২৩. শান্তির জন্য প্রথম কোন মহিলা নোবেল পুরস্কার পান?**

ⓚ আলভা মায়ারডাল ⓛ অংসান সুকী
ⓜ শিরিন এবাদি ⓝ মাদার তেরেসা

[Note : শান্তিতে প্রথম মহিলা নোবেল বিজয়ী বার্থাভন সুটনার (অস্ট্রিয়া, ১৯০৫ সালে)। তবে উল্লিখিত চারজনের মধ্যে প্রথম নোবেল জয়ী মাদার তেরেসা। মাদার তেরেসা (আলবেনীয় বংশোদ্ভূত) ১৯৭৯ সালে, আলভা মায়ারডাল (সুইডেন) ১৯৮২ সালে, অংসান সুচি (মিয়ানমার) ১৯৯০ সালে এবং শিরিন এবাদি (ইরান) ২০০৩ সালে নোবেল বিজয়ী হন।]

**১২৪. আটলান্টিক সনদে যুক্তরাষ্ট্র এবং ব্রিটিশের পক্ষে স্বাক্ষর করেন কে কে?**

ⓚ রোনাল্ড রিগ্যান ও মার্গারেট থেচার
ⓛ জর্জ ডব্লিউ বুশ ও টনি ব্লেয়ার
ⓜ জিমি কার্টার ও রানী দ্বিতীয় এলিজাবেথ
ⓝ ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট ও উইনস্টোন চার্চিল

(ব্যাখ্যা) জাতিসংঘ গঠনের দ্বিতীয় পদক্ষেপ আটলান্টিক সনদ। ১৯৪১ সালের ১৪ আগস্ট মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট এবং ব্রিটিশ প্রধানমন্ত্রী উইনস্টোন চার্চিল ব্রিটিশ নৌ-তরী প্রিন্স অব ওয়েলস-এ মিলিত হয়ে বিশ্বশান্তি ও নিরাপত্তার জন্য আটলান্টিক সনদ স্বাক্ষর করেন।

**১২৫. গ্রিনপিস (Green Peace) কোন দেশের পরিবেশবাদী গ্রুপ?**

ⓚ হল্যান্ড ⓛ পোল্যান্ড
ⓜ ফিনল্যান্ড ⓝ নিউজিল্যান্ড

(ব্যাখ্যা) গ্রিনপিস হল্যান্ড বা নেদারল্যান্ডসভিত্তিক একটি বেসরকারি পরিবেশবাদী সংস্থা। ১৯৭১ সালে এটি প্রতিষ্ঠিত হয়। ১৯৭১ সালে সংস্থাটি আলাস্কায় পারমাণবিক পরীক্ষার বিরুদ্ধে প্রথম আন্দোলন শুরু করে। সংস্থাটি পারমাণবিক পরীক্ষা এবং তেজস্ক্রিয় ও রাসায়নিক বর্জ্য নিক্ষেপের বিরুদ্ধে সফল আন্দোলন চালিয়ে আসছে।

**১২৬. ব্রিটেনের রানী কোন দেশটির সাংবিধানিক রাষ্ট্রপ্রধান নন?**

ⓚ ফিজি ⓛ কানাডা
ⓜ অস্ট্রিয়া ⓝ অস্ট্রেলিয়া

(ব্যাখ্যা) যুক্তরাজ্য এবং সাবেক ব্রিটিশ উপনিবেশভুক্ত ১৫টি দেশ ব্রিটেনের রাজা/রানীকে তাদের প্রতীকী রাষ্ট্রপ্রধান হিসেবে মান্য করে। দেশগুলো হলো– ১.কানাডা, ২.অস্ট্রেলিয়া, ৩.নিউজিল্যান্ড, ৪. জ্যামাইকা, ৫. বার্বাডোস, ৬. বাহামা দ্বীপপুঞ্জ ৭. গ্রানাডা, ৮. পাপুয়া নিউগিনি, ৯. সলোমন দ্বীপপুঞ্জ, ১০. টুভালু, ১১. সেন্ট লুসিয়া, ১২. সেন্ট ভিনসেন্ট অ্যান্ড দ্য গ্রানাডাইন্স, ১৩. বেলিজ, ১৪. এন্টিগুয়া অ্যান্ড বারমুডা ১৫. সেন্ট কিটস অ্যান্ড নেভিস।

**১২৭. ফ্রান্সের মহান সম্রাট নেপোলিয়নের জীবনাবসান হয় কোথায়?**

ⓚ ওয়াটার লু নামক স্থানে ⓛ দ্বীপ এলবার্তে
ⓜ ভার্সাই নগরীতে ⓝ সেন্ট হেলেনা দ্বীপে

(ব্যাখ্যা) সম্রাট নেপোলিয়ন ১৮১৫ সালে ওয়াটার লু যুদ্ধে ইংরেজ সেনাপতি লর্ড ওয়েলিংটনের নেতৃত্বে সম্মিলিত বাহিনীর নিকট পরাজিত হয়ে আত্মসমর্পণ করেন। মিত্রবাহিনী তাকে সেন্ট হেলেনা দ্বীপে নির্বাসন দেয় এবং সেখানে তিনি ১৮২১ সালে মারা যান।

**উত্তর**

| | |
|---|---|
| ১১৮ | গ |
| ১১৯ | Note |
| ১২০ | ক |
| ১২১ | গ |
| ১২২ | ঘ |
| ১২৩ | Note |
| ১২৪ | ঘ |
| ১২৫ | ক |
| ১২৬ | ক,গ |
| ১২৭ | ঘ |

www.boiahar.com

১২৮. গারুদা কোন দেশের বিমান সংস্থা?
ক) গ্রিস খ) জার্মানি
গ) ইন্দোনেশিয়া ঘ) নেদারল্যান্ড

(ব্যাখ্যা) গারুদা ইন্দোনেশিয়ার বিমান সংস্থা। অন্যদিকে, গ্রিসের বিমান সংস্থা অলিম্পিক এয়ারওয়েজ, জার্মানির বিমান সংস্থার নাম লুফথানসা এবং নেদারল্যান্ডের বিমান সংস্থার নাম রয়াল ডাচ এয়ারলাইন্স (কেএলএ)।

১২৯. কোনটি ভারতের সেভেন সিস্টারস রাজ্যসমূহের অন্তর্ভুক্ত নয়?
ক) কেরালা খ) ত্রিপুরা
গ) মণিপুর ঘ) মিজোরাম

(ব্যাখ্যা) সেভেন সিস্টারস হলো বাংলাদেশের উত্তর-পূর্বে অবস্থিত ভারতের সীমান্ত থেকে প্রায় বিচ্ছিন্ন সাতটি রাজ্য, যারা ভারতের নিকট থেকে স্বাধীনতার জন্য লড়াই করছে। রাজ্যগুলো হলো আসাম, ত্রিপুরা, মণিপুর, মেঘালয়, মিজোরাম, অরুণাচল ও নাগাল্যান্ড। অন্যদিকে, কেরালা দক্ষিণ ভারতের রাজ্য।

১৩০. ফিলিস্তিনের প্রেসিডেন্ট ইয়াসির আরাফাত-এর আনুষ্ঠানিক অন্ত্যেষ্টিক্রিয়া অনুষ্ঠানে যোগদানের জন্য বিশ্বের বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধান/সরকারপ্রধানগণ কোথায় মিলিত হন?
ক) রামাল্লা খ) প্যারিস
গ) কায়রো ঘ) জেরুজালেম

(ব্যাখ্যা) ফিলিস্তিনের প্রেসিডেন্ট ইয়াসির আরাফাত ১১ নভেম্বর ২০০৪ প্যারিসের পার্সি সামরিক হাসপাতালে ইন্তেকাল করেন। ইসরাইলের নিষেধাজ্ঞার কারণে তার অন্ত্যেষ্টিক্রিয়া অনুষ্ঠিত হয় মিশরের কায়রোতে এবং সেখানে বিশ্বের বিভিন্ন দেশের সরকার ও রাষ্ট্রপ্রধানগণ অন্ত্যেষ্টিক্রিয়া অনুষ্ঠানে যোগদান করেন। অনুষ্ঠান শেষে তাকে রামাল্লায় দাফন করা হয়।

১৩১. United Nations Conference on Trade and Development (UNCTAD)-এর সদর দপ্তর কোথায়?
ক) হেগে খ) জেনেভায়
গ) নিউইয়র্কে ঘ) ক্যানবেরায়

(ব্যাখ্যা) জাতিসংঘের সাধারণ পরিষদের অঙ্গসংস্থা আঙ্কটাড প্রতিষ্ঠিত হয় ১৯৬৪ সালে। এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত। অন্যদিকে, হেগে (নেদারল্যান্ডস) আন্তর্জাতিক আদালত, নিউইয়র্কে (যুক্তরাষ্ট্র) জাতিসংঘ, UNDP [illegible] FPA ও UNICEF এবং ক্যানবেরায় (অস্ট্রেলিয়া) ANZUS-এর সদর দপ্তর অবস্থিত।

১৩২. যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচিত হতে হলে ন্যূনতম কত ইলেক্টোরাল ভোটের প্রয়োজন?
ক) ২৭২ খ) ২৭১
গ) ২৭০ ঘ) ২৬৮

(ব্যাখ্যা) যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন সরাসরি ভোটের মাধ্যমে না হলেও ৫৩৮ (১০০ সিনেটর + ৪৩৫ রিপ্রেজেন্টেটিভ + ৩ সদস্য ডিস্ট্রিক্ট অব কলাম্বিয়া) সদস্যের ইলেক্টোরাল কলেজের পছন্দের ওপর প্রেসিডেন্ট প্রার্থীর জয়-পরাজয় নির্ভর করে থাকে। যুক্তরাষ্ট্রের প্রতিটি রাজ্যে ৩ থেকে সর্বোচ্চ ৫৫ জন ইলেক্টোরাল প্রতিনিধি রয়েছে। কোনো প্রার্থীকে প্রেসিডেন্ট নির্বাচনে জয়ী হওয়ার জন্য ইলেক্টোরাল কলেজের ২৭০টি ভোট পেতে হয়।

১৩৩. ইন্টারপোলের সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক) লন্ডন খ) লিঁও
গ) রোম ঘ) প্যারিস

(ব্যাখ্যা) ইন্টারপোলের সাবেক সদর দপ্তর প্যারিসে হলেও বর্তমানে ফ্রান্সের লিঁও শহরে ইন্টারপোলের সদর দপ্তর অবস্থিত। অন্যদিকে, লন্ডনে (যুক্তরাজ্য) কমনওয়েলথ ও অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল, রোমে (ইতালি) FAO, IFAD ও WFP এবং প্যারিসে (ফ্রান্স) OECD-এর সদর দপ্তর অবস্থিত।

১৩৪. ফিলিস্তিনিদের মাতৃভূমিতে কখন ইসরাইল রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়?
ক) ১৯৪৮ খ) ১৯৫০
গ) ১৯৬৭ ঘ) ১৯৭০

(ব্যাখ্যা) দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষে ব্রিটেন ম্যান্ডেটভুক্ত অঞ্চল (মধ্যপ্রাচ্য) থেকে সৈন্য প্রত্যাহারের প্রস্তাব করলে ২৯ নভেম্বর ১৯৪৭ জাতিসংঘের ৮১ নং প্রস্তাব অনুসারে ফিলিস্তিন রাষ্ট্র বিভক্তি ও ইসরাইল রাষ্ট্র প্রতিষ্ঠার প্রস্তাব গৃহীত হয়। কিন্তু শক্তিধর রাষ্ট্রগুলোর প্রত্যক্ষ প্রভাবে জাতিসংঘ প্রস্তাব উপেক্ষা করে ১৪ মে ১৯৪৮ ফিলিস্তিনিদের মাতৃভূমিতে ইসরাইল রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়।

১৩৫. পশ্চিম তিমুর-এর বর্তমান মর্যাদা কি?
ক) ইন্দোনেশিয়ার একটি অঙ্গরাজ্য
খ) একটি স্বাধীন দেশ
গ) অস্ট্রেলিয়ার একটি প্রদেশ
ঘ) কোনোটি ঠিক নয়

(ব্যাখ্যা) খ্রিস্টান অধ্যুষিত পূর্ব তিমুর ২০০২ সালের ২০ মে ইন্দোনেশিয়ার নিকট থেকে স্বাধীন হলেও পশ্চিম তিমুর স্বাধীন নয়। পশ্চিম তিমুর ইন্দোনেশিয়ার একটি প্রদেশ বা অঙ্গরাজ্য।

১৩৬. কফি আনান আফ্রিকা মহাদেশ থেকে নিয়োগকৃত জাতিসংঘের কততম মহাসচিব?
ক) প্রথম খ) তৃতীয়
গ) দ্বিতীয় ঘ) চতুর্থ

(ব্যাখ্যা) আফ্রিকা থেকে নিয়োগকৃত জাতিসংঘের প্রথম মহাসচিব ড. বুট্রোস বুট্রোস ঘালি (১৯৯১-৯৬)। তিনি মিশরের অধিবাসী ছিলেন। পরবর্তীতে ১৯৯৭ সালে কফি আনান আফ্রিকা মহাদেশ থেকে নিয়োগকৃত জাতিসংঘের দ্বিতীয় মহাসচিব হিসেবে নিয়োগপ্রাপ্ত হন। তার মেয়াদ শেষ হয় ৩১ ডিসেম্বর ২০০৬। উল্লেখ্য, জাতিসংঘের বর্তমান মহাসচিব অ্যান্টনিও গুতেরেস। তিনি পর্তুগালের নাগরিক।

উত্তর

| | |
|---|---|
| ১২৮ | গ |
| ১২৯ | ক |
| ১৩০ | গ |
| ১৩১ | খ |
| ১৩২ | গ |
| ১৩৩ | খ |
| ১৩৪ | ক |
| ১৩৫ | ক |
| ১৩৬ | গ |

www.boighar.com

১৩৭. TI-এর সদর দপ্তর কোথায়?
ক ম্যানিলা খ বার্লিন
গ ব্যাংকক ঘ সিঙ্গাপুর

(ব্যাখ্যা) *টিআই-এর পূর্ণ অভিব্যক্তি ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল'। জার্মানির বার্লিনভিত্তিক এ সংস্থা পৃথিবীর বিভিন্ন দেশের দুর্নীতি সংক্রান্ত তথ্য বিশ্লেষণ করে এবং দুর্নীতির সূচক প্রদান করে। এর প্রধান কার্যালয় জার্মানির বার্লিনের গুটেনবার্গ বিশ্ববিদ্যালয়ে অবস্থিত।*

১৩৮. ২০০৪ সালে শান্তির জন্য নোবেল পুরস্কার লাভ করেন কোন দেশের নাগরিক?
ক ব্রাজিল খ ইরান
গ সুইডেন ঘ কেনিয়া

(ব্যাখ্যা) *২০০৪ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন কেনিয়ার ওয়ানগারি মাথাই। পরিবেশ রক্ষায় Green belt movement, এর জন্য প্রথম আফ্রিকান নারী হিসেবে তিনি নোবেল পুরস্কার পান। ২০১৮ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন কুর্দি মানবাধিকার কর্মী ইরাকের নাদিয়া মুরাদ ও গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রের চিকিৎসক ডেনিস মুকওয়েজি।*

১৩৯. ভারতীয় লোকসভার নির্বাচিত সদস্য সংখ্যা কত?
ক ৫৪৫ খ ৫৪৩
গ ৬১০ ঘ ৪১৫

(ব্যাখ্যা) *দ্বি-কক্ষ বিশিষ্ট ভারতীয় কেন্দ্রীয় পার্লামেন্টের নিম্নকক্ষের নাম লোকসভা। ভারতের সংবিধান অনুযায়ী লোকসভার আসন সংখ্যা হতে পারবে সর্বোচ্চ ৫৫২। তবে বর্তমান লোকসভার সদস্য সংখ্যা ৫৪৫। এর মধ্যে নির্বাচিত সদস্য সংখ্যা ৫৪৩।*

১৪০. সুয়েজ খাল কোন দুটি সাগরকে সংযোজিত করে?
ক লোহিত সাগর ও ভূমধ্যসাগর
খ ভূমধ্যসাগর ও আরব সাগর
গ লোহিত সাগর ও আরব সাগর
ঘ ভূমধ্যসাগর ও কাস্পিয়ান সাগর

(ব্যাখ্যা) *লোহিত সাগর ও ভূমধ্যসাগরকে সংযোগকারী জলপথ সুয়েজ খাল খনন করেন ফরাসি ইঞ্জিনিয়ার ফার্ডিনান্ড ডি লিসেপস ১৮৬৯ সালে। ১৯৫৬ সালে মিশর এটিকে জাতীয়করণ করে। ১৯৬৭ সালে আরব-ইসরাইল যুদ্ধের কারণে এটিকে বন্ধ করে দেয়া হয় এবং ১৯৭৪ সালে আবার খুলে দেয়া হয়।*

১৪১. কোন তারিখে আন্তর্জাতিক পরিবেশ দিবস পালিত হয়?
ক ৫ জুলাই খ ২১ মার্চ
গ ৫ জুন ঘ ২১ জুন

(ব্যাখ্যা) *৫ জুন আন্তর্জাতিক পরিবেশ দিবস। অন্যদিকে, ২১ মার্চ বিশ্ব বন দিবস, আন্তর্জাতিক বর্ণবৈষম্য বিলোপ দিবস, বিশ্ব কবিতা দিবস এবং ২১ জুন বিশ্ব সঙ্গীত দিবস, বিশ্ব হাইড্রোগ্রাফিক দিবস।*

১৪২. লেবানন কোন দেশের কাছ থেকে স্বাধীনতা লাভ করে?
ক ব্রিটেন খ ফ্রান্স
গ তুরস্ক ঘ স্পেন

(ব্যাখ্যা) *১৯৪৩ সালের ২২ নভেম্বর লেবানন ফ্রান্সের কাছ থেকে স্বাধীনতা লাভ করে। লীগ অব নেশন্স-এর সিদ্ধান্ত অনুযায়ী প্রথম বিশ্বযুদ্ধের পরাজিত শক্তি জার্মানি ও তুরস্কের উপনিবেশগুলোকে ম্যান্ডেট ব্যবস্থার মাধ্যমে মিত্রশক্তির নিকট হস্তান্তর করা হয়।*

১৪৩. গ্রিনিচ মান সময়ের সঙ্গে বাংলাদেশের সময়ের পার্থক্য কত ঘণ্টা?
ক ছয় ঘণ্টা খ আট ঘণ্টা
গ দশ ঘণ্টা ঘ পাঁচ ঘণ্টা

(ব্যাখ্যা) *বাংলাদেশের অবস্থান ৯০° দ্রাঘিমা রেখায় এবং গ্রিনিচের অবস্থান ০° দ্রাঘিমায় হওয়ায় উভয়ের মধ্যে ৯০° অর্থাৎ (৪ × ৯০) ৩৬০ মিনিট বা ৬ ঘণ্টা সময়ের ব্যবধান রয়েছে। তাই গ্রিনিচ মান সময়ের সাথে বাংলাদেশের সময়ের পার্থক্য ছয় ঘণ্টা।*

১৪৪. ভারতের কোন রাজ্যের রাজধানী ইম্ফল?
ক মিজোরাম খ অরুণাচল
গ মণিপুর ঘ মেঘালয়

(ব্যাখ্যা) *ভারতের 'সেভেন সিস্টার্স' খ্যাত সাতটি রাজ্যের চারটির নাম এখানে উল্লেখ করা হয়েছে। যার মধ্যে মণিপুরের রাজধানী ইম্ফল। অন্যদিকে, মিজোরামের রাজধানী আইজল, মেঘালয়ের রাজধানী শিলং এবং অরুণাচলের রাজধানী ইটানগর।*

১৪৫. ইউরো মুদ্রা কখন চালু হয়?
ক ১৯৯৭ সালের ১ জানুয়ারি খ ২০০০ সালের ১ মার্চ
গ ২০০১ সালের ১ জানুয়ারি ঘ ১৯৯৮ সালের ১ নভেম্বর

[Note: *ইউরো মুদ্রা চালু হয় ১ জানুয়ারি ১৯৯৯, ইউরো ব্যাংক নোটের প্রচলন হয় ১ জানুয়ারি ২০০২। সদস্য দেশগুলোর নিজস্ব ব্যাংক নোট ও মুদ্রা বাতিল হয় ১ জুলাই ২০০২। ইউরো মুদ্রার জনক রবার্ট মুন্ডেল। ২০১৫ সালের ১ জানুয়ারি ১৯তম সদস্য হিসেবে লিথুয়ানিয়া ইউরো মুদ্রা গ্রহণ করে।*]

১৪৬. সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যসমূহের সময়সীমা নির্ধারণ করা হয়েছে কোন সাল পর্যন্ত?
ক ২০১০ খ ২০১৫ গ ২০২০ ঘ ২০২৫

(ব্যাখ্যা) *২০০০ সালের সেপ্টেম্বরে জাতিসংঘ আয়োজিত বিশ্ব সম্মেলনে গৃহীত লক্ষ্য ও উদ্দেশ্যগুলোই মূলত 'মিলেনিয়াম ডেভলপমেন্ট গোল' (MDG) নামে পরিচিত। এই লক্ষ্যমাত্রা সঠিকভাবে বাস্তবায়নের জন্য বিশ্ব নেতৃবৃন্দ ২০১৫ সাল পর্যন্ত সময়সীমা নির্ধারণ করেছিল। উল্লেখ্য, MDG বাস্তবায়নের পর 'টেকসই উন্নয়ন লক্ষ্য (SDG)' ২০৩০ সাল পর্যন্ত সময়সীমা নির্ধারণ করা হয়েছে।*

১৪৭. আবু সায়েফ গেরিলা গোষ্ঠী কোন দেশে তৎপর?
ক ইরাক খ ফিলিপাইন
গ ইন্দোনেশিয়া ঘ থাইল্যান্ড

(ব্যাখ্যা) *১৯৯১ সালে প্রতিষ্ঠিত স্বাধীনতাকামী আবু সায়েফ গ্রুপ (ASG) ফিলিপাইনের মুসলিম অধ্যুষিত মিন্দানাও প্রদেশে তৎপর। তারা দীর্ঘদিন ধরে মুসলিম সংখ্যাগরিষ্ঠ মিন্দানাও প্রদেশে একটি স্বাধীন মুসলিম রাষ্ট্র প্রতিষ্ঠার লড়াইয়ে রত।*

**উত্তর**

| | |
|---|---|
| ১৩৭ | খ |
| ১৩৮ | ঘ |
| ১৩৯ | খ |
| ১৪০ | ক |
| ১৪১ | গ |
| ১৪২ | খ |
| ১৪৩ | ক |
| ১৪৪ | গ |
| ১৪৫ | Note |
| ১৪৬ | খ |
| ১৪৭ | খ |

১৪৮. মাদার তেরেসা কোন দেশে জন্মগ্রহণ করেন?
ক আলবেনিয়া খ মেসেডোনিয়া
গ সার্বিয়া ঘ ইতালি

(ব্যাখ্যা) মাদার তেরেসা ১৯১০ সালের ২৬ আগস্ট দক্ষিণ-পূর্ব ইউরোপের যুগোশ্লাভিয়ার স্কোপজে (বর্তমানে মেসিডোনিয়া) শহরে জন্মগ্রহণ করেন। ১৯৭৯ সালে শান্তিতে প্রথম ভারতীয় হিসেবে নোবেল পুরস্কার পান।

১৪৯. জাতিসংঘের প্রথম মহাসচিব কে ছিলেন?
ক কুর্ট ওয়াল্ডহেইম খ পেরেজ দ্য কুয়েলার
গ ট্রাইগভেলাই ঘ উ থান্ট

(ব্যাখ্যা) জাতিসংঘের প্রথম মহাসচিব ছিলেন ট্রিগভেলি (নরওয়ে, ১৯৪৬-১৯৫৩)। বর্তমান (নবম) মহাসচিব অ্যান্টনিও গুতেরেস (পর্তুগাল); দায়িত্বগ্রহণ ১ জানুয়ারি ২০১৭।

১৫০. নারীর প্রতি সকল রকম বৈষম্য নির্মূল কনভেনশন (UN Convention on the Elimination of All Forms of Discrimination Against Women) স্বাক্ষরিত হয় —
ক ১৯৭৫ সালে খ ১৯৭৬ সালে
গ ১৯৭৯ সালে ঘ ১৯৮৯ সালে

(ব্যাখ্যা) জাতিসংঘের সাধারণ পরিষদ ১৯৭৯ সালে নারীর বিরুদ্ধে সকল প্রকার বৈষম্য দূরীকরণ সনদ (Convention on the Elimination of all Forms of Discrimination Against Women, CEDAW) অনুমোদন করে। এটি ১৯৮১ সাল থেকে কার্যকর করা হয়।

১৫১. যুক্তরাষ্ট্রের একজন প্রেসিডেন্ট ১২ বছর ক্ষমতায় ছিলেন। তিনি হচ্ছেন —
ক জেমস মনরো খ ফ্রাঙ্কলিন রুজভেল্ট
গ হ্যারি এস ট্রুম্যান ঘ তথ্যটি সঠিক নয়

(ব্যাখ্যা) ডেমোক্রেট দলের প্রধান ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট ১৯৩৩ সাল থেকে ১৯৪৫ সাল পর্যন্ত ১২ বছর টানা চার বার প্রেসিডেন্ট নির্বাচিত হন। অন্যদিকে, ডেমোক্রেট-রিপাবলিকের যুক্তপ্রার্থী জেমস মনরো ১৮১৭ থেকে ১৮২৫ পর্যন্ত এবং ডেমোক্রেট দলের হ্যারি এস ট্রুম্যান ১৯৪৫ থেকে ১৯৫৩ সাল পর্যন্ত আমেরিকার প্রেসিডেন্ট ছিলেন।

১৫২. যুক্তরাষ্ট্রের কোন স্টেট-এ নির্বাচকমণ্ডলীর ভোটের (Electoral vote) সংখ্যা বেশি?
ক নিউইয়র্ক খ ক্যালিফোর্নিয়া
গ টেক্সাস ঘ ফ্লোরিডা

(ব্যাখ্যা) যুক্তরাষ্ট্রের ইলেকটোরাল ভোট জনসংখ্যার অনুপাতে নির্ধারিত হয়। ক্যালিফোর্নিয়া যুক্তরাষ্ট্রের সবচেয়ে জনবহুল রাজ্য এবং এর জনসংখ্যা দ্বিতীয় জনবহুল অঙ্গরাজ্যের প্রায় দ্বিগুণ। ফলে এ অঙ্গরাজ্যেই ইলেকটোরাল ভোটের সংখ্যা বেশি। ক্যালিফোর্নিয়ায় ইলেকটোরাল ভোটের সংখ্যা ৫৫।

১৫৩. শেনজেন চুক্তি হচ্ছে —
ক বাণিজ্য চুক্তি খ কর হ্রাস করা চুক্তি
গ অবাধ চলাচল সংক্রান্ত চুক্তি ঘ এর কোনোটিই নয়

(ব্যাখ্যা) জল, স্থল ও আকাশ পথে এক ভিসায় কিংবা ভিসা ব্যতীত জাতীয় পরিচয়পত্র দিয়ে ইউরোপ ভ্রমণ করার লক্ষ্যে ১৯৮৫ সালের ১৪ জুন লুক্সেমবার্গের শেনজেন শহরে স্বাক্ষরিত চুক্তি। ১৯৮৫ সালে বেলজিয়াম, ফ্রান্স, পশ্চিম জার্মানি, লুক্সেমবার্গ ও নেদারল্যান্ডস এ চুক্তিতে স্বাক্ষর করে। চুক্তির ফলশ্রুতিতে ১৬ মার্চ ১৯৯৫ থেকে ভিসামুক্ত ইউরোপের যাত্রা শুরু হয়।

১৫৪. অভিন্ন ইউরোপ গঠনের লক্ষ্যে ম্যাসট্রিষ্ট চুক্তি অনুমোদনের জন্য কোন দেশ দুবার গণভোটের আয়োজন করেছিল?
ক লুক্সেমবার্গ খ আয়ারল্যান্ড
গ গ্রিস ঘ ডেনমার্ক

(ব্যাখ্যা) অভিন্ন ইউরোপ গঠনের লক্ষ্যে ম্যাসট্রিষ্ট চুক্তি অনুমোদনের জন্য ডেনমার্ক প্রথম ২ জুন ১৯৯২ এবং দ্বিতীয় ১৮ মে ১৯৯৩ মোট দুইবার গণভোটের আয়োজন করেছিল।

১৫৫. যুক্তরাষ্ট্র ইউনিয়নে কোন স্টেট সর্বশেষে যোগ দেয়?
ক হাওয়াই খ অ্যারিজোনা
গ টেক্সাস ঘ ফ্লোরিডা

(ব্যাখ্যা) ১৯৫৯ সালের ২১ আগস্ট সর্বশেষ ৫০তম স্টেট হিসেবে যোগ দেয় হাওয়াই রাজ্য।

১৫৬. জাপান ও রাশিয়ার মধ্যকার বিরোধপূর্ণ দ্বীপটির নাম কি?
ক কুড়িল দ্বীপপুঞ্জ খ মার্শাল দ্বীপপুঞ্জ
গ দিয়াগো গার্সিয়া ঘ গ্রেট বেরিয়ার রিফ

(ব্যাখ্যা) দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানের সামরিক বিপর্যয় ঘটলে ১৯৪৫ সালে তৎকালীন সোভিয়েত ইউনিয়ন (বর্তমান রাশিয়া) জাপানের উত্তরাঞ্চলীয় কয়েকটি দ্বীপ দখল করে নেয়, যা কুড়িল দ্বীপপুঞ্জ নামে পরিচিতি পায়। এ দ্বীপপুঞ্জের মালিকানা নিয়ে রাশিয়া ও জাপানের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলছে।

১৫৭. যুক্তরাষ্ট্রের কোন স্টেটটি ফ্রান্সের নিকট থেকে ক্রয় করা হয়েছিল?
ক লুইসিয়ানা খ উইসকনসিন
গ ফ্লোরিডা ঘ নেবারাস্কা

(ব্যাখ্যা) ১৫৪১ সালে হার্নান্দো সতো আবিষ্কার করেন লুইসিয়ানা। এরপর ১৬৭৩ সালে ফরাসিরা এটা পুনঃআবিষ্কার করে এবং সেখানে তাদের উপনিবেশ স্থাপন করে। সর্বশেষ যুক্তরাষ্ট্র এই লুইসিয়ানা রাজ্যটি ফ্রান্সের কাছ থেকে ১৯০৩ সালে কিনে নেয়।

১৫৮. উরুগুয়ে রাউন্ডের সংলাপ কত বছর ধরে চলেছিল?
ক ২ বছর খ ৮ বছর
গ ৫ বছর ঘ ৬ বছর

(ব্যাখ্যা) গ্যাট (GATT)-এর উদ্যোগে ১৯৮৬ সালের সেপ্টেম্বরে উরুগুয়েতে এই আলোচনাপর্ব শুরু হয় এবং ১৯৯৩ সালের ১৫ ডিসেম্বর এক চুক্তি সম্পাদনের মাধ্যমে দীর্ঘ ৭ বছর ৪ মাসব্যাপী এই উরুগুয়ে রাউন্ড আলোচনার সমাপ্তি ঘটে। বাণিজ্য ও শুল্কের ব্যাপারে যেসব পর্যায়ক্রমিক আলোচনা অনুষ্ঠিত হয়, এটি ছিল তার শেষ রাউন্ড।

উত্তর

| | |
|---|---|
| ১৪৮ | খ |
| ১৪৯ | গ |
| ১৫০ | গ |
| ১৫১ | খ |
| ১৫২ | খ |
| ১৫৩ | গ |
| ১৫৪ | ঘ |
| ১৫৫ | ক |
| ১৫৬ | ক |
| ১৫৭ | ক |
| ১৫৮ | খ |

**১৫৯. বিশ্বব্যাংকের SOFT LOAN WINDOW হলো —**

ⓚ MIGA ⓚ IBRD
ⓖ IDA ⓖ IFC

(ব্যাখ্যা) *বিশ্বব্যাংক গ্রুপের ৫টি অঙ্গসংগঠনের মধ্যে IDA (International Development Association) দরিদ্র দেশগুলোকে সহজ শর্তে ঋণ প্রদান করে বলে এটি 'Soft Loan Window' নামে পরিচিত। বিশ্বব্যাংক গ্রুপের অন্য ৪টি অঙ্গ সংগঠন হলো— IBRD, IFC, MIGA ও ICSID।*

**১৬০. IAEA-এর নির্বাহী প্রধান হলেন —**

ⓚ মোহম্মদ আল বারাদি ⓚ আমর মুসা
ⓖ আয়াদ আলাওয়ি ⓖ হামিদ কারজাই

*[Note : আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা (IAEA)-এর বর্তমান প্রধান নির্বাহী বা মহাপরিচালক জাপানের ইউকিয়া আমানো (১ ডিসেম্বর ২০০৯-বর্তমান)। মিশরের মোহাম্মদ আল বারাদি ১ ডিসেম্বর ১৯৯৭-৩০ নভেম্বর ২০০৯ পর্যন্ত এ পদে অধিষ্ঠিত ছিলেন। আমর মুসা মিশরের সাবেক পররাষ্ট্রমন্ত্রী ও আরব লীগের সাবেক মহাসচিব, আয়াদ আলাওয়ি ইরাকের সাবেক অন্তর্বর্তীকালীন সরকারপ্রধান এবং হামিদ কারজাই আফগানিস্তানের সাবেক প্রেসিডেন্ট।]*

**১৬১. কোন ভিটামিন ক্ষতস্থান হতে রক্ত পড়া বন্ধ করতে সাহায্য করে?**

ⓚ ভিটামিন সি ⓚ ভিটামিন বি
ⓖ ভিটামিন বি$_2$ ⓖ ভিটামিন কে

(ব্যাখ্যা) *ভিটামিন কে-এর প্রভাবে রক্ত তঞ্চন প্রক্রিয়ায় দেহের ক্ষতস্থানের রক্ত জমাট বাঁধে ও দেহ থেকে অবাঞ্ছিত রক্তপাত বন্ধ হয়। 'ভিটামিন-বি'-এর অভাবে বেরিবেরি রোগ, ভিটামিন বি২-এর অভাবে মুখে ঘা ও দৈহিক বৃদ্ধি বাধাপ্রাপ্ত হয় এবং ভিটামিন সি-এর অভাবে স্কার্ভি রোগ হয়।*

**১৬২. আকাশে বিজলী চমকায়–**

ⓚ দুই খণ্ড মেঘ পর পর এলে
ⓚ মেঘের মধ্যে বিদ্যুৎ কোষ তৈরি হলে
ⓖ মেঘ বিদ্যুৎ পরিবাহী অবস্থায় এলে
ⓖ মেঘের অসংখ্য পানি ও বরফ কণার মধ্যে চার্জ সঞ্চিত হলে

(ব্যাখ্যা) *'ধনাত্মক' ও 'ঋণাত্মক' চার্জযুক্ত দুটি মেঘ কাছাকাছি আসলে আকর্ষণের ফলে চার্জ এক মেঘ থেকে অন্য মেঘে দ্রুত ছুটে যায়। ফলে ইলেকট্রনের (চার্জ) গতিপথে যে তীব্র আলোক উৎপন্ন হয় তাকে বিজলী চমকানো বলে।*

**১৬৩. বিদ্যুৎবাহী তারে পাখি বসলে সাধারণত বিদ্যুৎ স্পৃষ্ট হয় না, কারণ–**

ⓚ পাখির গায়ে বিদ্যুৎরোধী আবরণ থাকে
ⓚ পাখির দেহের ভিতর দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হয় না
ⓖ বিদ্যুৎ স্পৃষ্ট হলেও পাখি মরে না
ⓖ মাটির সঙ্গে সংযোগ হয় না

(ব্যাখ্যা) *বর্তনী সম্পূর্ণ করতে ধনাত্মক ও ঋণাত্মক চার্জের সংযোগের প্রয়োজন হয়। কিন্তু বিদ্যুৎবাহী তারে পাখি বসলে বর্তনী পূর্ণ হয় না বলে পাখি বিদ্যুতায়িত হয়ে মারা যায় না। কিন্তু পাখিটি যদি অন্য তার স্পর্শ করে কিংবা ভূ-সংযুক্ত কোনো পরিবাহীর সংস্পর্শে আসে, তাহলে বর্তনী পূর্ণ হবে এবং এর ভেতর দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হওয়ার ফলে পাখিটি মারা যাবে।*

**১৬৪. সালোকসংশ্লেষণ সবচেয়ে বেশি পরিমাণে হয়–**

ⓚ সবুজ আলোতে ⓚ নীল আলোতে
ⓖ লাল আলোতে ⓖ বেগুনী আলোতে

(ব্যাখ্যা) *বর্ণালীবিক্ষণ যন্ত্র (Spectroscope)-এর সাহায্যে জানা গেছে যে, দৃশ্যমান বর্ণচ্ছটার মধ্যে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় লাল আলোই সর্বাপেক্ষা কর্মক্ষম। নীল আলো তুলনামূলকভাবে কম কর্মক্ষম। বেগুনী আলোয় আরো কম সালোকসংশ্লেষণ হয়। সূর্যালোকে সবুজ আলো শোষিত না হওয়ায় সবুজ আলোতে সালোকসংশ্লেষণ একেবারেই হয় না। সালোক সংশ্লেষণে বিভিন্ন আলোর কার্যকারিতা তাদের তরঙ্গ দৈর্ঘ্যের ওপর অনেকাংশে নির্ভর করে।*

**১৬৫. স্যালিক এসিড–**

ⓚ আমলকিতে পাওয়া যায় ⓚ কমলালেবুতে পাওয়া যায়
ⓖ আঙ্গুরে পাওয়া যায় ⓖ টমেটোতে পাওয়া যায়

(ব্যাখ্যা) *আমলকিতে অক্সালিক এসিড, কমলালেবুতে এসকরবিক এসিড, আঙ্গুরে টারটারিক এসিড এবং টমেটোতে স্যালিক অ্যাসিড পাওয়া যায়।*

**১৬৬. হাড় ও দাঁতকে মজবুত করে—**

ⓚ আয়োডিন ⓚ আয়রন
ⓖ ম্যাগনেসিয়াম ⓖ ফসফরাস

(ব্যাখ্যা) *আয়োডিনের অভাবে থাইরয়েড গ্রান্ডের কর্মকাণ্ড ব্যাহত হয় এবং গলগণ্ড, বামনত্ব প্রভৃতি দেখা দেয়। আয়রন রক্তের হিমোগ্লোবিনের অন্যতম প্রধান উৎস। ম্যাগনেসিয়াম শরীর গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং ফসফরাস দাঁত ও অস্থি গঠন, রক্ত তঞ্চন, পেশী সংকোচন ইত্যাদি গুরুত্বপূর্ণ কাজ করে।*

**১৬৭. নিউমোনিয়া রোগে আক্রান্ত হয় মানব দেহের–**

ⓚ ফুসফুস ⓚ যকৃত
ⓖ কিডনি ⓖ প্লীহা

(ব্যাখ্যা) *নিউমোনিয়া ফুসফুসের একটি রোগ যা ব্যাকটেরিয়া দ্বারা সৃষ্ট। এ রোগে ফুসফুস আক্রান্ত হয় এবং ফুসফুসের থলিতে অস্বস্তিকর যন্ত্রণা হয়।*

**১৬৮. শুষ্ক বরফ বলা হয়—**

ⓚ হিমায়িত অক্সিজেনকে
ⓚ হিমায়িত কার্বন মনোক্সাইডকে
ⓖ হিমায়িত কার্বন-ডাই-অক্সাইডকে
ⓖ ক্যালসিয়াম অক্সাইডকে

(ব্যাখ্যা) *'শুষ্ক বরফ' বা 'ড্রাই আইস' জমাট কার্বন-ডাই-অক্সাইড। এ কঠিনীকৃত কার্বন-ডাই-অক্সাইড $-78.5^\circ C$ উষ্ণতায় কঠিন অবস্থা থেকে তরল না হয়ে সরাসরি গ্যাসে পরিণত হয়, তাই এর নাম 'শুষ্ক বরফ' বা 'ড্রাই আইস'।*

**উত্তর**

| | |
|---|---|
| ১৫৯ | গ |
| ১৬০ | Note |
| ১৬১ | ঘ |
| ১৬২ | ঘ |
| ১৬৩ | ঘ |
| ১৬৪ | গ |
| ১৬৫ | ঘ |
| ১৬৬ | ঘ |
| ১৬৭ | ক |
| ১৬৮ | গ |

১৬৯. বৈদ্যুতিক ইস্ত্রি এবং হিটারে ব্যবহৃত হয়—
ⓚ টাংস্টেন তার ⓛ নাইক্রোম তার
ⓖ এন্টিমনি তার ⓜ কপার তার

ব্যাখ্যা নাইক্রোম তার হচ্ছে নিকেল ও ক্রোমিয়াম ঘটিত সংকর ধাতু নির্মিত এক ধরনের তার। এর আপেক্ষিক রোধ বেশি এবং উষ্ণতার হ্রাস বৃদ্ধিতে রোধের পরিবর্তন কম। তাই বৈদ্যুতিক ইস্ত্রি এবং হিটারে এটি ব্যবহৃত হয়। 'টাংস্টেন' তার বৈদ্যুতিক বাল্বের ফিলামেন্ট হিসেবে ব্যবহৃত হয়।

১৭০. শব্দের তীব্রতা নির্ণায়ক যন্ত্র—
ⓚ অডিও মিটার ⓛ অ্যামিটার
ⓖ অডিওফোন ⓜ অলটিমিটার

ব্যাখ্যা অ্যামিটার তড়িৎ প্রবাহ পরিমাপক যন্ত্র, অডিওফোন কানে লাগিয়ে শোনার যন্ত্র, অলটিমিটার উচ্চতা পরিমাপক যন্ত্র এবং অডিও মিটার দ্বারা শব্দের তীব্রতা নিয়ন্ত্রণ করে শব্দ পরিমাপ করা হয়।

১৭১. ডিজিটাল ঘড়ি বা ক্যালকুলেটরে কালচে অনুজ্জ্বল যে লেখা ফুটে উঠে তা কিসের ভিত্তিতে তৈরি?
ⓚ এলইডি ⓛ আইসি
ⓖ এলসিডি ⓜ সিলিকন চিপ

ব্যাখ্যা সিলিকন চিপ হচ্ছে অর্ধ-পরিবাহী সিলিকনের তৈরি এক ধরনের চিপ, যা সংখ্যামান প্রদর্শনের জন্য ডিজিটাল ঘড়ি বা ক্যালকুলেটরে ডিসপ্লে করার জন্য ব্যবহৃত হয়। অন্যদিকে LED (Light Emitting Diode) হচ্ছে আলোক নিঃসরক ডায়োড এবং IC (Integrated Circuite) হচ্ছে ইলেকট্রনিক যন্ত্রাংশে ব্যবহৃত সার্কিট। পক্ষান্তরে LCD (Liquide Crystal Display) বর্তমানে উন্নতমানের কম্পিউটারের মনিটরে ব্যবহৃত হয়।

১৭২. দিনাজপুর জেলার বড়পুকুরিয়ায় কোন খনিজ প্রকল্পের কাজ চলছে?
ⓚ কঠিন শিলা ⓛ কয়লা
ⓖ চুনাপাথর ⓜ কাদামাটি

ব্যাখ্যা দিনাজপুর জেলার বড়পুকুরিয়ায় কয়লা খনি প্রকল্পের উন্নয়ন চলছে এবং সম্প্রতি কয়লা উত্তোলন শুরু হয়েছে। বাংলাদেশের সবচেয়ে বড় কয়লা খনি দিনাজপুর জেলার দীঘিপাড়ায় অবস্থিত।

১৭৩. Adult Cell ক্লোন করে যে ভেড়ার জন্ম হয়েছে তার নাম দেয়া হয়েছে—
ⓚ শেলী ⓛ ডলি
ⓖ মলি ⓜ নেলী

ব্যাখ্যা স্কটল্যান্ডের এডিনবরার রোসলিন ইনস্টিটিউটের সামনে ১৯৯৬ সালের ৫ জুলাই ক্লোন ভেড়া ডলির জন্ম হয়। রোসলিন ইনস্টিটিউটের ভ্রূণতত্ত্ববিদ ড. আয়ান উইলমুট ভেড়াটিকে ক্লোন করেন। ১৯৯৭ সালে ডলির জন্মের বিষয়টি ঘোষণা করা হয়।

১৭৪. বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত–
ⓚ ৩ ⓛ ২২/৭
ⓖ ২৫/৯ ⓜ প্রায় ৫

ব্যাখ্যা বৃত্তের ব্যাসার্ধ $r$ হলে ব্যাস $= 2r$, পরিধি $= 2\pi r$

$$\therefore \frac{\text{পরিধি}}{\text{ব্যাস}} = \frac{2\pi r}{2r} = \pi = \frac{22}{7}$$

১৭৫. মানুষের ক্রোমোজোমের সংখ্যা কত?
ⓚ ২৫ জোড়া ⓛ ২৬ জোড়া
ⓖ ২৩ জোড়া ⓜ ২৪ জোড়া

ব্যাখ্যা জীব কোষের কেন্দ্রক-এ সুতার মতো আকৃতি বিশিষ্ট উপাদানের নাম ক্রোমোজোম। মানুষের দেহ কোষে ক্রোমোজোমের সংখ্যা ৪৬টি বা ২৩ জোড়া। এর মধ্যে ২২ জোড়া অটোজোম বা সোমাটিক ক্রোমোজোম। এগুলোর মাধ্যমে বংশগতির সাধারণ বৈশিষ্ট্য প্রজন্ম থেকে প্রজন্মে সঞ্চারিত হয়ে থাকে। বাকি ১ জোড়া সেক্স ক্রোমোজোম।

১৭৬. সমুদ্রপৃষ্ঠে বায়ুর চাপ প্রতি বর্গ সে.মি. এ—
ⓚ ৫ কি.মি. ⓛ ১০ কি.মি.
ⓖ ২৭ কি.গ্রাম ⓜ ১০ নিউটন

ব্যাখ্যা যে কোনো পদার্থের মতো বায়ুরও ওজন আছে। বায়ুর এ ওজনজনিত কারণে যে চাপের সৃষ্টি হয় তাই বায়ুর চাপ। চাপের মান মিলিবারে দেখানো হয়। সমুদ্রপৃষ্ঠে বায়ুর চাপ প্রতিবর্গ সেন্টিমিটারে ১০ নিউটন বা ৬.৪৫ বর্গ সেন্টিমিটারের বা ৬.৭ কেজি।

১৭৭. কাচ তৈরির প্রধান কাঁচামাল হলো—
ⓚ শাজিমাটি ⓛ চুনাপাথর
ⓖ জিপশাম ⓜ বালি

ব্যাখ্যা কাচ হলো সোডিয়াম, ক্যালসিয়াম প্রভৃতি ধাতুর সিলিকেট দিয়ে তৈরি শক্ত, স্বচ্ছ অথবা ঈষৎ স্বচ্ছ অনিয়তাকার ভঙ্গুর পদার্থ। সাধারণত কাচ বালি, সোডিয়াম কার্বনেট ও চুনাপাথর দিয়ে কাচ তৈরি করা হয়। তবে কাচ তৈরির প্রধান কাঁচামাল হলো বালি।

১৭৮. জীবাশ্ম জ্বালানি দহনের ফলে বায়ুমণ্ডলে যে গ্রিন হাউজ গ্যাসের পরিমাণ সব চাইতে বেশি বৃদ্ধি পাচ্ছে—
ⓚ জলীয় বাষ্প ⓛ ক্লোরোফ্লোরো কার্বন
ⓖ কার্বন-ডাই-অক্সাইড ⓜ মিথেন

ব্যাখ্যা জৈব জ্বালানি কার্বনঘটিত যৌগ। এগুলো বায়ুমণ্ডলে দহনের ফলে কার্বন ডাই অক্সাইড উৎপন্ন হয়ে বায়ুতে মিশে যায়। জীবাশ্ম জ্বালানি দহনের ফলে তৈরি গ্রিন হাউস গ্যাসে কার্বন-ডাই অক্সাইড ৪৯%, ক্লোরোফ্লোরো কার্বন বা সিএফসি ১৪%, মিথেন ১৮%, নাইট্রাস অক্সাইড ৬% ও অন্যান্য গ্যাস ১৩% থাকে। এদের মধ্যে কলকারখানা ও যানবাহনে জীবাশ্ম জ্বালানি দহনের ফলে কার্বন-ডাই-অক্সাইডের পরিমাণ সবচেয়ে বেশি বৃদ্ধি পাচ্ছে।

১৭৯. বস্তুর ওজন কোথায় সবচেয়ে বেশি?
ⓚ খনির ভিতর ⓛ পাহাড়ের উপর
ⓖ মেরু অঞ্চলে ⓜ বিষুব অঞ্চলে

উত্তর

| | |
|---|---|
| ১৬৯ | খ |
| ১৭০ | ক |
| ১৭১ | ঘ |
| ১৭২ | খ |
| ১৭৩ | খ |
| ১৭৪ | খ |
| ১৭৫ | গ |
| ১৭৬ | ঘ |
| ১৭৭ | ঘ |
| ১৭৮ | গ |
| ১৭৯ | গ |

(ব্যাখ্যা) অভিকর্ষজ ত্বরণ ($g$)-এর প্রভাবে মেরু অঞ্চলে বস্তুর ওজন সবচেয়ে বেশি, বিষুবীয় অঞ্চলে মেরু অঞ্চলের তুলনায় কম, খনি বা পাহাড়ের উপরও মেরু অঞ্চলের তুলনায় কম এবং পৃথিবীর কেন্দ্রে বস্তুর ওজন শূন্য।

**১৮০. নাইট্রোজেন গ্যাস থেকে কোন সার প্রস্তুত করা হয়?**

ⓚ টিএসপি ⓛ সবুজ সার
ⓜ পটাশ ⓝ ইউরিয়া

(ব্যাখ্যা) নাইট্রোজেন গ্যাসকে একটি বিশেষ প্রক্রিয়ায় অ্যামোনিয়ায় রূপান্তরিত করা হয় এবং অ্যামোনিয়া থেকে ইউরিয়া সার উৎপন্ন হয়। এতে নাইট্রোজেনের পরিমাণ ৪৬%।

**১৮১. ১, ৩, ৬, ১০, ১৫, ২১ ...... ধারাটির দশম পদ—**

ⓚ ৪৫ ⓛ ৫৫
ⓜ ৬২ ⓝ ৬৫

(ব্যাখ্যা) ১ = প্রথম পদ
১ + ২ = ৩ দ্বিতীয় পদ
৩ + ৩ = ৬ তৃতীয় পদ
৬ + ৪ = ১০ চতুর্থ পদ
১০ + ৫ = ১৫ পঞ্চম পদ
১৫ + ৬ = ২১ ষষ্ঠ পদ
২১ + ৭ = ২৮ সপ্তম পদ
২৮ + ৮ = ৩৬ অষ্টম পদ
৩৬ + ৯ = ৪৫ নবম পদ
৪৫ + ১০ = ৫৫ দশম পদ

**১৮২. পিতা ও মাতার বয়সের গড় ৪৫ বছর। আবার পিতা, মাতা ও এক পুত্রের বয়সের গড় ৩৬ বছর। পুত্রের বয়স–**

ⓚ ৯ বছর ⓛ ১৪ বছর
ⓜ ১৫ বছর ⓝ ১৮ বছর

(ব্যাখ্যা) পিতা + মাতা + পুত্রের বয়স = ৩৬ × ৩ = ১০৮ বছর
পিতা + মাতার বয়স = ৪৫ × ২ = ৯০ বছর
পুত্রের বয়স = ১৮ বছর

**১৮৩. একটি জারে দুধ ও পানির অনুপাত ৫ : ১। দুধের পরিমাণ যদি পানি অপেক্ষা ৮ লিটার বেশি হয় তবে পানির পরিমাণ কত?**

ⓚ ২ লিটার ⓛ ৪ লিটার
ⓜ ৬ লিটার ⓝ ১০ লিটার

(ব্যাখ্যা) অনুপাতদ্বয়ের বিয়োগফল = ৫ − ১ = ৪
দুধের পরিমাণ ৪ লিটার বেশি হলে পানি ১ লিটার
৮ " $\frac{১ \times ৮}{৪}$
= ২ লিটার

**১৮৪. টাকায় ৩টি করে লেবু কিনে টাকায় ২টি করে বিক্রি করলে শতকরা কত লাভ হবে?**

ⓚ ৫০% ⓛ ৩০%
ⓜ ৩৩% ⓝ ৩১%

(ব্যাখ্যা) ১টি লেবুর ক্রয়মূল্য $\frac{১}{৩}$ টাকা এবং বিক্রয়মূল্য $\frac{১}{২}$ টাকা
∴ ১টিতে লাভ হয় = $\frac{১}{২} - \frac{১}{৩} = \frac{১}{৬}$ টাকা
$\frac{১}{৩}$ টাকায় লাভ হয় $\frac{১}{৬}$ টাকা।
∴ ১০০ " " $\frac{৩ \times ১০০}{৬}$ = ৫০ টাকা।

**১৮৫. ১২ জন শ্রমিক ৩ দিনে ৭২০ টাকা আয় করে। তবে ৯ জন শ্রমিক সমপরিমাণ টাকা আয় করবে—**

ⓚ ৫ দিনে ⓛ ৪ দিনে
ⓜ ৬ দিনে ⓝ ৩ দিনে

(ব্যাখ্যা) ১২ জনে আয় করে ৩ দিনে
১ " " " ৩ × ১২ দিনে
৯ $\frac{৩ \times ১২}{৯}$ = ৪ দিনে।

**১৮৬. লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় ১৮ কিমি ও ৬ কিমি। নদীপথে ৪৮ কিমি অতিক্রম করে পুনরায় ফিরে আসতে সময় লাগবে—**

ⓚ ১০ ঘণ্টা ⓛ ৫ ঘণ্টা
ⓜ ৬ ঘণ্টা ⓝ ৮ ঘণ্টা

(ব্যাখ্যা) স্রোতের অনুকূলে, লঞ্চ + স্রোতের বেগ = ১৮ + ৬ = ২৪ কিমি
৪৮ কি.মি. যেতে সময় লাগবে $\frac{৪৮}{২৪}$ ঘণ্টা = ২ ঘণ্টা
স্রোতের প্রতিকূলে,
লঞ্চ − স্রোতের বেগ = ১৮ − ৬ = ১২ কিমি
৪৮ কি.মি. যেতে সময় লাগবে = $\frac{৪৮}{১২}$ ঘণ্টা = ৪ ঘণ্টা
মোট সময় লাগবে = ৪ + ২ = ৬ ঘণ্টা

**১৮৭. কোনো সংখ্যার $\frac{১}{২}$ অংশের সাথে ৬ যোগ করলে সংখ্যাটির $\frac{২}{৩}$ অংশ হবে। সংখ্যাটি কত?**

ⓚ ৫৩ ⓛ ৬৩
ⓜ ৩৬ ⓝ ৩৫

(ব্যাখ্যা) সংখ্যাটি ক হলে $\frac{ক}{২} + ৬ = \frac{২ক}{৩}$
বা, $\frac{২ক}{৩} - \frac{ক}{২} = ৬$
বা, $\frac{৪ক - ৩ক}{৬} = ৬$
বা, $\frac{ক}{৬} = ৬$
ক = ৩৬

**১৮৮. ৪৩ থেকে ৬০ এর মধ্যে মৌলিক সংখ্যার সংখ্যা–**

ⓚ ৫ ⓛ ৩
ⓜ ৭ ⓝ ৪

(ব্যাখ্যা) ৪৩ থেকে ৬০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো হলো ৪৩, ৪৭, ৫৩ এবং ৫৯ = ৪টি।

**১৮৯. যদি p একটি মৌলিক সংখ্যা হয় তবে $\sqrt{p}$ —**

ⓚ একটি স্বাভাবিক সংখ্যা ⓛ একটি পূর্ণ সংখ্যা
ⓜ একটি মূলদ সংখ্যা ⓝ একটি অমূলদ সংখ্যা

| উত্তর | |
|---|---|
| ১৮০ | ঘ |
| ১৮১ | খ |
| ১৮২ | ঘ |
| ১৮৩ | ক |
| ১৮৪ | ক |
| ১৮৫ | খ |
| ১৮৬ | গ |
| ১৮৭ | গ |
| ১৮৮ | ঘ |
| ১৮৯ | ঘ |

**ব্যাখ্যা** p একটি মৌলিক সংখ্যা। সুতরাং p সংখ্যাটি স্বাভাবিক, পূর্ণ ও মূলদ সংখ্যা। পূর্ণবর্গ নয় এমন স্বাভাবিক সংখ্যার বর্গমূল করলে সেটি অমূলদ। সুতরাং $\sqrt{p}$ একটি অমূলদ সংখ্যা।

**১৯০.** $\left(\sqrt{3}.\sqrt{5}\right)^4$ -এর মান কত?

ⓚ 30 ⓔ 60
ⓖ 225 ⓘ 15

**ব্যাখ্যা** $\left(\sqrt{3}.\sqrt{5}\right)^4 = \left(\sqrt{3}\right)^4.\left(\sqrt{5}\right)^4$

$= 3^2.5^2 = 9 \times 25 = 225$

**১৯১.** ক এবং খ একত্রে একটি কাজ ১২ দিনে করতে পারে। ক একা কাজটি ২০ দিনে করতে পারে, খ একা কাজটি করতে পারবে —

ক) ২৫ দিনে খ) ৩০ দিনে
গ) ৩৫ দিনে ঘ) ৪০ দিনে

**ব্যাখ্যা** (ক + খ) ১ দিনে করে $\frac{১}{১২}$ অংশ এবং ক ১ দিনে করে $\frac{১}{২০}$ অংশ

খ ১ দিনে করে $= \left(\frac{১}{১২} - \frac{১}{২০}\right) = \frac{১}{৩০}$ অংশ

খ সম্পূর্ণ কাজটি করে $\frac{৩০ \times ১}{১}$ দিনে = ৩০ দিনে।

**১৯২.** ৭২ সংখ্যাটির মোট ভাজক আছে–

ক) ৯টি খ) ১০টি
গ) ১১টি ঘ) ১২টি

**ব্যাখ্যা** ৭২ সংখ্যাটির ভাজকগুলো হলো ১, ২, ৩, ৪, ৬, ৮, ৯, ১২, ১৮, ২৪, ৩৬, ৭২ = ১২টি।

**১৯৩.** দুটি ক্রমিক পূর্ণসংখ্যা নির্ণয় করুন, যাদের বর্গের অন্তর ৪৭—

ক) ২১ এবং ২২ খ) ২২ এবং ২৩
গ) ২৩ এবং ২৪ ঘ) ২৪ এবং ২৫

**ব্যাখ্যা** সংখ্যাদ্বয় $x$ ও $(x+1)$ হলে,

$(x+1)^2 - x^2 = ৪৭$

বা, $x^2 + ২x + 1 - x^2 = ৪৭$

বা, $২x = ৪৬$

বা, $x = ২৩$

$x + 1 = ২৪$

নির্ণেয় ক্রমিক সংখ্যা ২৩ এবং ২৪।

**১৯৪.** $x + y = 8, x - y = 6$ হলে, $x^2 + y^2$-এর মান —

ক) 40 খ) 60
গ) 50 ঘ) 80

**ব্যাখ্যা** $x^2 + y^2 = \frac{1}{2}\{(x+y)^2 + (x-y)^2\} = \frac{1}{2}\{(8^2 + 6^2)\}$

$= \frac{1}{2} \times 100 = 50$

**১৯৫.** $a + \frac{1}{a} = \sqrt{3}$ হলে, $a^2 + \frac{1}{a^2}$ -এর মান—

ক) 6 খ) 4
গ) 2 ঘ) 1

**ব্যাখ্যা** $a^2 + \frac{1}{a^2} = \left(a + \frac{1}{a}\right)^2 - 2a.\frac{1}{a}$

$= \left(\sqrt{3}\right)^2 - 2 = 3 - 2 = 1$

**১৯৬.** একটি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য ৮ ফুট হলে, ঐ বর্গক্ষেত্রের কর্ণের ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত?

ক) ১৫৬ বর্গফুট খ) ১৬৪ বর্গফুট
গ) ১২৮ বর্গফুট ঘ) ২১৮ বর্গফুট

**ব্যাখ্যা** বর্গক্ষেত্রের কর্ণ = $\sqrt{৮^২ + ৮^২}$ ফুট = $\sqrt{১২৮}$ ফুট

কর্ণের ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $\left(\sqrt{১২৮}\right)^২$

= ১২৮ বর্গফুট

**১৯৭.** $\frac{\sqrt{2}}{\sqrt{6}+2}$ সমান–

ক) $\sqrt{3} + \sqrt{2}$ খ) $8 - \sqrt{2}$
গ) $\sqrt{3} - \sqrt{2}$ ঘ) $\sqrt{3} + 2$

**ব্যাখ্যা** $\frac{\sqrt{2}}{\sqrt{6}+2} = \frac{\sqrt{2}\left(\sqrt{6}-2\right)}{\left(\sqrt{6}+2\right)\left(\sqrt{6}-2\right)}$

$= \frac{\sqrt{2}.\sqrt{2}\left(\sqrt{3}-\sqrt{2}\right)}{6-4}$

$= \frac{2\left(\sqrt{3}-\sqrt{2}\right)}{2} = \sqrt{3} - \sqrt{2}$

**১৯৮.** $x^2 - 8x - 8y + 16 + y^2$-এর সঙ্গে কত যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ হবে?

ক) $-2xy$ খ) $8xy$ গ) $6xy$ ঘ) $2xy$

**ব্যাখ্যা** $x^2 - 8x - 8y + 16 + y^2$

$= x^2 + y^2 + (-4)^2 + 2.x.y + 2.y(-4) + 2(-4)x - 2xy$

$= x^2 + y^2 + (-4)^2 + 2xy - 8y - 8x - 2xy$

$= (x + y - 4)^2 - 2xy$

পূর্ণ বর্গ করতে হলে $2xy$ যোগ করতে হবে।

**১৯৯.** $x^2 - y^2 + 2y - 1$-এর একটি উৎপাদক —

ক) $x + y + 1$ খ) $x - y$
গ) $x + y - 1$ ঘ) $x - y - 1$

**ব্যাখ্যা** $x^2 - y^2 + 2y - 1$

$= x^2 - (y^2 - 2y + 1)$

$= x^2 - (y - 1)^2$

$= (x + y - 1)(x - y + 1)$

**২০০.** ১৩ সেমি ব্যাসার্ধের বৃত্তের কেন্দ্র হতে ৫ সেমি দূরত্বে অবস্থিত জ্যা-এর দৈর্ঘ্য–

ক) ২৪ সেমি খ) ১৮ সেমি
গ) ১৬ সেমি ঘ) ১২ সেমি

**ব্যাখ্যা** অতিভুজ ১৩ এবং লম্ব ৫ হলে,

$\sqrt{১৩^২ - ৫^২} = \sqrt{১৬৯ - ২৫}$

জ্যা-এর দৈর্ঘ্য ১২ + ১২ = ২৪ সেমি।

**উত্তর**

| | |
|---|---|
| ১৯০ | গ |
| ১৯১ | খ |
| ১৯২ | ঘ |
| ১৯৩ | গ |
| ১৯৪ | গ |
| ১৯৫ | ঘ |
| ১৯৬ | গ |
| ১৯৭ | গ |
| ১৯৮ | ঘ |
| ১৯৯ | গ |
| ২০০ | ক |